# Daily Monitoring Report

**Directorate of Monitoring**

**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 17, 1432 Bangla, March 31, 2026, Tuesday, No. 87, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has called on athletes not to be affiliated with any political party or group during professional sports tenure, saying rather they should represent the country through sporting excellence. [Jago FM: 10]

The government has announced a reward of up to Tk 100,000 for individuals providing information on illegal hoarding and smuggling of fuel oil. [Jago FM: 11]

State Minister for Foreign Affairs Shama Obaed has said there is no energy crisis in country-- adds, govt. is taking coordinated steps to ensure uninterrupted energy supply & the safety of Bangladeshi citizens abroad in the context of ongoing Middle East conflict. [BBC: 03]

Home Minister Salahuddin Ahmed has said that the government will ensure legal & constitutional protection for those involved in the July uprising as promised in the July National Charter. [BBC: 03]

The govt has taken urgent steps to combat the measles outbreak & a special vaccination campaign will be launched from June to ensure the supply of vaccines as soon as possible --- Health Minister Sardar Sakhawat Hossain. [Jago FM: 12]

At least 30 children have died this year with symptoms resembling measles at Rajshahi Medical College Hospital. Among them, only one has tested positive for measles. [Jago FM: 12]

Government has decided to vaccinate six-month-old children against measles under special measures in response to a rise in infections across the country. [BBC: 04]

According to Bangladesh Jatri Kalyan Samity, 351 people died & 1,046 were injured in 346 road accidents across country during the Eid-ul-Fitr rush. A total of 377 accidents on roads, railways & waterways resulted in 394 deaths & 1,288 injuries. [Jago FM: 12]

The ongoing US-Israel war with Iran has effectively disrupted the Strait of Hormuz, creating uncertainty in int'l energy supplies. Amid a worsening gas crisis, production at 5 out of the country's 6 urea fertiliser factories has been suspended. [Jago FM: 12]

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১৭, বাংলা ১৪৩২, মার্চ ৩১, ২০২৬, মঙ্গলবার, নং- ৮৭, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান ক্রীড়াবিদদের তাদের পেশাদার ক্রীড়াজীবনে কোনো রাজনৈতিক দল বা গোষ্ঠীর সঙ্গে যুক্ত না হওয়ার আহ্বান জানিয়েছেন এবং বলেছেন, বরং তাদের উচিত ক্রীড়া নৈপুণ্যের মাধ্যমে দেশের প্রতিনিধিত্ব করা। [জাগো এফএম: ১০]

জ্বালানি তেলের অবৈধ মজুত ও পাচারকারীদের সম্পর্কে স্থানীয় প্রশাসনকে সঠিক তথ্য দিয়ে সহায়তাকারীকে সর্বোচ্চ এক লাখ টাকা পুরস্কার ঘোষণা করেছে সরকার। [জাগো এফএম: ১১]

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছেন, দেশে কোনো জ্বালানি সংকট নেই। তিনি বলেন, চলমান মধ্যপ্রাচ্য সংঘাতের প্রেক্ষাপটে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করা এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকার সমন্বিত পদক্ষেপ গ্রহণ করছে। [বিবিসি: ০৩]

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, জুলাই জাতীয় সনদে উল্লিখিত বিধান অনুযায়ী দেশে জুলাই অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের জন্য আইনি ও সাংবিধানিক সুরক্ষা নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। [বিবিসি: ০৩]

হামের প্রাদুর্ভাব মোকাবিলায় সরকার জরুরি পদক্ষেপ নিয়েছে এবং দ্রুত সময়ের মধ্যে টিকা সরবরাহ নিশ্চিত করে জুন মাস থেকে বিশেষ টিকাদান ক্যাম্পেইন শুরু করা হবে --- স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। [জাগো এফএম: ১২]

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চলতি বছরে হামের উপসর্গ নিয়ে ৩০ জন শিশু মারা যায়। এদের মধ্যে একজনের পরীক্ষার পর হাম শনাক্ত করা গেছে। বাকিগুলো শনাক্ত হয়নি। [জাগো এফএম: ১২]

সম্প্রতি হামের সংক্রমণ বাড়তে থাকায় বিশেষ ব্যবস্থায় ছয় মাসের শিশুকে হামের টিকা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। [বিবিসি: ০৪]

পবিত্র ইদুল ফিতরে দেশের সড়ক-মহাসড়কে ৩৪৬টি দুর্ঘটনায় ৩৫১ জন নিহত হয়েছে ---জানিয়েছে যাত্রী কল্যাণ সমিতি। সড়ক, রেল ও নৌ পথে সর্বমোট ৩৭৭ দুর্ঘটনায় ৩৯৪ জন নিহত ও ১২৮৮ জন আহত হয়। [জাগো এফএম: ১১]

ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের চলমান যুদ্ধের কারণে হরমুজ প্রণালি কার্যত বন্ধ হয়ে পড়ায় আন্তর্জাতিক জ্বালানি সরবরাহে অনিশ্চয়তা তৈরি হয়েছে। গ্যাস সংকটের কারণে দেশে ছয়টি ইউরিয়া সার কারখানার মধ্যে পাঁচটিরই উৎপাদন কার্যক্রম বন্ধ করা হয়েছে। [জাগো এফএম: ১৩]

# বিবিসি

## 'মব কালচার' আর থাকবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের জাতীয় সংসদে প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বাংলাদেশে কোনো রকম মব কালচার আর থাকবে না। সোমবার সংসদ অধিবেশনে স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানার এক সম্পূরক প্রশ্নের জবাবে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। রুমিন ফারহানার প্রশ্ন ছিল, দীর্ঘ ১৫ বছর গুম, বিচার-বহির্ভূত হত্যা, হেফাজতে নির্যাতনের কালচার (সংস্কৃতি) ছিল। এরপর অন্তর্বর্তী সরকারের সময় দেখা গেল `মব কালচার,। ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে ২০২৬ সালের জানুয়ারি পর্যন্ত ২৫০-৩০০-এর ওপর মানুষ এই মবের খপ্পরে পড়ে নিহত হয়েছেন। এই সংসদ সদস্য আরও বলেন, তিনি নিজেও গত ফেব্রুয়ারিতে মবের শিকার হন। এই খারাপ সংস্কৃতি বন্ধ করতে সরকার কী ব্যবস্থা নেবে? এর জবাবেই স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে মবের মতো ঘটনা ঘটেনি। ”স্পষ্ট কথা- বাংলাদেশে কোনো রকম মব কালচার আর থাকবে না। রাস্তায় কোনো দাবি নিয়ে মহাসড়ক অবরোধ করে দাবি আদায়ের যে প্রবণতা অন্তর্বর্তী সরকারের সময় দেখা গেছে, সেটাকে আমরা আর কখনো অ্যালাউ (অনুমোদন) করব না,„ বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। একইসঙ্গে তিনি বলেন, গণতান্ত্রিক প্রক্রিয়ায় দাবি থাকবে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানানো যাবে, সেমিনার বা জনসমাবেশ করা যাবে, কিন্তু সড়ক অবরোধ করে দাবি আদায়ের প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## জুলাই অভ্যুত্থানে জড়িতদের আইনি সুরক্ষা নিশ্চিত করবে সরকার : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, জুলাই জাতীয় সনদে উল্লিখিত বিধান অনুযায়ী দেশে জুলাই অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের জন্য আইনি ও সাংবিধানিক সুরক্ষা নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। মন্ত্রী বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ে `জুলাই গণ-অভ্যুত্থান সুরক্ষা ও দায় নির্ধারণ অধ্যাদেশ, ২০২৬, জারি করা হয়েছিল এবং পরে তা সংসদে উপস্থাপন করা হয়। বর্তমান সরকার এটিকে আনুষ্ঠানিক বিল হিসেবে পাস করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত নিয়েছে। আজ সংসদে এনসিপি দলের সদস্য আখতার হোসেন ও জয়নুল আবেদিন ফারুকের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা জানান। জুলাই গণ-অভ্যুত্থানের প্রসঙ্গ উল্লেখ করে সালাহউদ্দিন আহমদ বলেন, যারা দখলদার বাহিনীর মতো আচরণ করে আন্দোলনকারীদের ওপর হামলা চালিয়েছিল ও সহিংসতা ঘটিয়েছিল, তারা জনগণের প্রতিরোধের মুখে পড়ে। এ সংঘর্ষে কেউ নিহত ও কেউ আহত হন। এই সব ঘটনাকে তিনি `যুদ্ধক্ষেত্রের সিদ্ধান্ত, হিসেবে উল্লেখ করেন। সালাহউদ্দিন আহমদ পুনর্ব্যক্ত করে বলেন, এই অধ্যাদেশে জুলাই যোদ্ধাদের সুরক্ষা প্রদান করা হয়েছে। এ সময় স্বরাষ্ট্র মন্ত্রী আরও বলেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার কয়েকজন সহযোগীর বিরুদ্ধে ইতোমধ্যেই দুটি রায় দেওয়া হয়েছে। এই সহযোগীদের মধ্যে একজন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রীও রয়েছেন। এসব বিচারিক কার্যক্রম সরাসরি সম্প্রচার করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, বিচার বিভাগ স্বাধীনভাবে কাজ করবে এবং সরকার কোনো বিচারিক প্রক্রিয়ায় হস্তক্ষেপ করবে না। ”ইনশাল্লাহ, এ দেশে সংঘটিত গুম, খুন, হত্যা ও গণহত্যার সকল ঘটনার বিচার নিশ্চিত করা হবে।„ (বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের মেয়াদ কমিয়ে তিন বছর করার সম্ভাব্যতা নিয়ে আলোচনা

দেশের পলিটেকনিক ইনস্টিটিউটগুলোতে বর্তমানে পরিচালিত চার বছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সের সময়সীমা কমিয়ে তিন বছর করার বিষয়ে আলোচনা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) পর্যালোচনা সভায় আজ সোমবার এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। খবর সরকারি বার্তা সংস্থা বাসস-এর। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। আজ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। সভায় জানানো হয়, দেশের পলিটেকনিক ইনস্টিটিউটগুলোতে বর্তমানে চার বছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সে এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর শিক্ষার্থীরা ভর্তি হয়। আগে এই ডিপ্লোমা কোর্সটি তিন বছর মেয়াদি ছিল। পরবর্তীতে এটি চার বছরে উন্নীত করা হলেও, পাঠ্যক্রম বা সিলেবাসে উল্লেখযোগ্য তেমন কোনো পরিবর্তন হয়নি। ফলে শিক্ষার্থীদের কর্মজীবনে প্রবেশ করতে এক বছর অতিরিক্ত সময় ব্যয় করতে হচ্ছে। ডিপ্লোমা কোর্সের মেয়াদ তিন বছর করা হলে, শিক্ষার্থীরা বর্তমান সময়ের চেয়ে এক বছর আগেই কর্মক্ষেত্রে যোগ দেওয়ার সুযোগ পাবে বলেও আলোচনায় উঠে আসে।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## বাংলাদেশে কোনো জ্বালানি সংকট নেই : শামা ওবায়েদ

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম জাতীয় সংসদে বলেছেন, বর্তমানে বাংলাদেশে কোনো জ্বালানি সংকট নেই। তিনি বলেন, চলমান মধ্যপ্রাচ্য সংঘাতের প্রেক্ষাপটে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করা এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকার সমন্বিত পদক্ষেপ গ্রহণ করছে। আজ সংসদে বাংলাদেশ জামায়াতে ইসলামী দলের সদস্য মীর আহমেদ বিন কাশেমের সম্পূরক প্রশ্নের জবাবে পররাষ্ট্র প্রতিমন্ত্রী এসব কথা

বলেন। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। শামা ওবায়েদ বলেন, সরকার মধ্যপ্রাচ্যের বাইরেও জ্বালানি আমদানির উৎস বহুমুখীকরণে কাজ করছে এবং বিকল্প সরবরাহ চ্যানেল অনুসন্ধান করছে, যাতে দেশের জ্বালানি সরবরাহ স্থিতিশীল থাকে। তার ভাষ্য, "এই মুহূর্তে বাংলাদেশে কোনো জ্বালানি সংকট নেই। প্রধানমন্ত্রীর নেতৃত্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে একাধিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে, যাতে বিভিন্ন উৎস থেকে জ্বালানি সরবরাহ নিশ্চিত করা যায় এবং খাতটির স্থিতিশীলতা বজায় থাকে।„ প্রতিমন্ত্রী বলেন, সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার হলো বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা, বিশেষ করে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে কর্মরত প্রবাসীদের। তিনি জানান, "সরকারের সহায়তায় চার্টার্ড ফ্লাইটে ইরানের তেহরান থেকে মোট ১৮৬ জন বাংলাদেশিকে নিরাপদে দেশে ফিরিয়ে আনা হয়েছে।„(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## জ্বালানি তেল মজুত ও পাচারের তথ্য দাতাকে এক লাখ টাকা পুরস্কার ঘোষণা

জ্বালানি তেলের অবৈধ মজুত ও পাচারকারীদের বিরুদ্ধে তথ্য প্রদানকারীদের সর্বোচ্চ এক লাখ টাকা পর্যন্ত পুরস্কার দেওয়ার ঘোষণা দিয়েছে সরকার। রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের এক খবরে বলা হয়েছে, সোমবার জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, জ্বালানি তেলের অবৈধ মজুত ও বিভিন্ন অনিয়ম প্রতিরোধে এর আগে তথ্য দাতাদের জন্য পুরস্কার চালুর উদ্যোগ নেওয়া হয়েছিল। এরই ধারাবাহিকতায় এ সিদ্ধান্ত কার্যকর করা হয়েছে। এতে আরও বলা হয়, তথ্য প্রদানকারীর পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক পুরস্কারের অর্থ প্রদান নিশ্চিত করবেন। এই আর্থিক সম্মানী ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থা সবার জন্য উন্মুক্ত থাকবে বলে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। জ্বালানি খাতে শৃঙ্খলা বজায় রাখা ও সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিভিন্ন নির্দেশনা দিয়েছে মন্ত্রণালয়। এই নির্দেশনার মধ্যে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা, মজুতদারি রোধে পেট্রোল পাম্পে ট্যাগ অফিসার নিয়োগ ও তদারকি জোরদার করার বিষয়টি উল্লেখযোগ্য। এছাড়া, জ্বালানি তেলের কার্যকর তদারকি নিশ্চিত করতে সারা দেশের প্রতিটি জেলায় ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। এ সব টিমের সঙ্গে জনগণের যোগাযোগ সহজ করতে মোবাইল নম্বরও প্রকাশ করা হয়েছে। পাশাপাশি, তেলের ডিপোগুলোতে নিরাপত্তা জোরদারে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্য মোতায়েন করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## বিশেষ ব্যবস্থায় ছয় মাসের শিশুকে হামের টিকা দেওয়া হবে : নতুন সিদ্ধান্ত

বাংলাদেশে সম্প্রতি হামের সংক্রমণ বাড়তে থাকায় বিশেষ ব্যবস্থায় এখন ছয় মাসের শিশুকে হামের টিকা দেওয়ার নতুন সিদ্ধান্ত নিয়েছে সরকার। এখন পর্যন্ত প্রচলিত ব্যবস্থায় দেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় নয় থেকে ১৫ মাস বয়সি শিশুদের হামের টিকা দেওয়া হতো। বর্তমান পরিস্থিতিতে নিয়মিত টিকাদান কর্মসূচির বাইরে বিশেষ ক্যাম্পেইন চালু করার উদ্যোগ নেয় সরকার। বিশেষ এই ক্যাম্পেইন কর্মসূচি জুনের প্রথম সপ্তাহ থেকে শুরু হবে, এক মাস ধরে চলবে এই কর্মসূচি এবং এর আওতায় প্রায় দুই কোটি শিশুকে টিকার আওতায় আনা হবে। সোমবার ৩০ মার্চ সকালে ন্যাশনাল ইমিউনাইজেশন টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালক হালিমুর রশিদ। তিনি জানান, বর্তমানে দেশে নয় মাস বয়সে শিশুদের হামের প্রথম ডোজ এবং ১৫ মাসে দ্বিতীয় ডোজ দেওয়া হয়। "তবে চলমান পরিস্থিতিতে সংক্রমণ বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে বিশেষ এই ক্যাম্পেইনের আওতায় বয়সসীমা বাড়ানো হয়েছে। ফলে ছয় মাস থেকে ১০ বছর বয়সি শিশুরা এই কর্মসূচির মাধ্যমে টিকা পাবে।„(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## হামের টিকা ৯ মাস বয়সে, এর আগে হাম হলে করণীয় কী?

সম্প্রসারিত টিকাদান বা ইপিআই টিকাদান সূচি অনুযায়ী শিশুকে ৯ মাস এবং ১৫ মাস বয়সে হামের টিকা দেওয়া হয়। তাহলে কি ৯ মাসের আগে শিশুরা হাম বা মিজলস ভাইরাসে আক্রান্ত হয় না? চিকিৎসকদের মতে, ৯ মাস বয়সের আগেও শিশুরা হামে আক্রান্ত হতে পারে। বিশেষ করে, যদি সে ঝুঁকিপূর্ণ কোনো গ্রুপের মধ্যে পড়ে। মেডিসিন বিশেষজ্ঞ ডা. মো. সিয়াম মোয়াজ্জেম বলেন, যে-সব শিশু এখনো টিকা নেয়নি, বিশেষ করে ১৫ মাসের কম বয়সি বা যারা এক বা দুই ডোজের কোনোটি নেয়নি, তাদের মধ্যে সংক্রমণের ঝুঁকি বেশি থাকে। অপুষ্টিতে ভোগা শিশু কিংবা যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম, তাদের ক্ষেত্রে এই ঝুঁকি আরও বেড়ে যায়। বুকের দুধ পান করার মাধ্যমে শিশুর শরীরে মায়ের কাছ থেকে অ্যান্টিবডি তৈরি হয়। তবে এই সুরক্ষা সব শিশুর ক্ষেত্রে সমানভাবে কার্যকর হয় না। যে-সব শিশু এক্সক্লুসিভ ব্রেস্টফিডিং পায় না বা যাদের পুষ্টিহীনতা রয়েছে, তাদের ইমিউনিটি তুলনামূলকভাবে দুর্বল থাকে। ফলে তাদের সংক্রমিত হওয়ার সম্ভাবনা বেশি থাকে।

### ৯ মাসের আগে হামের টিকা দেওয়া যায়?

ডা. মো. সিয়াম-এর মতে, যেহেতু এখন বিভিন্ন এলাকায় হাম ছড়িয়ে পড়েছে (আউটব্রেক পরিস্থিতি), এতে ঝুঁকি আরও বেড়ে যায়। এ অবস্থায় কোনো বাচ্চা যদি সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে নিশ্চিতভাবে এসে যায়, সেক্ষেত্রে ছয় মাস বয়সি শিশুকেও বিশেষ বিবেচনায় টিকা দেওয়া যেতে পারে। দেশে হামের সংক্রমণ বাড়তে থাকায়, সরকার এখন ৯ মাসের

পরিবর্তে ছয় মাস বয়সি শিশুদের হামের টিকার প্রথম ডোজ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সোমবার (৩০ মার্চ) সকালে ন্যাশনাল ইমিউনাইজেশন টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটির বৈঠকে নতুন এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালক হালিমুর রশিদ। এতদিন দেশে ৯ মাস বয়সে শিশুদের হামের প্রথম ডোজ এবং ১৫ মাসে দ্বিতীয় ডোজ দেওয়া হতো। হালিমুর রশীদ জানিয়েছেন, হামের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় বিশেষ পরিস্থিতিতে শিশুদের হামের টিকা দেওয়ার বয়স ৯ মাস থেকে নামিয়ে ছয় মাস করা হলো। নিয়মিত টিকাদান কর্মসূচির বাইরে একটি বিশেষ ক্যাম্পেইন চালু করার উদ্যোগও নিয়েছে সরকার। আগামী জুনের প্রথম সপ্তাহ থেকে শুরু হওয়া এই এক মাসব্যাপী কর্মসূচির আওতায় প্রায় ২ কোটি শিশুকে টিকার আওতায় আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

**টিকা নিলেও হাম কেন হচ্ছে?**

বলা হয়, হামের টিকা প্রায় ৯০ থেকে ৯৫ শতাংশ কার্যকর। তবে কিছু ক্ষেত্রে টিকা নেওয়ার পরও সংক্রমণ হতে পারে। বিশেষ করে যে-সব শিশু অপুষ্টিতে ভোগে, দীর্ঘদিন পুষ্টির অভাবে আছে, ভিটামিন `এ,-এর ঘাটতি রয়েছে অথবা অন্য কোনো জটিল রোগে আক্রান্ত, তাদের ক্ষেত্রে টিকার পরও হাম হতে পারে। তবে টিকা নেওয়া থাকলে রোগের জটিলতা অনেকটাই কম থাকে। ডা. মো. সিয়াম বলেন, টিকা না নেওয়া বা দুর্বল ইমিউনিটির শিশুদের ক্ষেত্রে হাম মারাত্মক আকার নিতে পারে। হামের জটিলতা হিসেবে পরবর্তী সময়ে প্রায়ই নিউমোনিয়া ও মারাত্মক ডায়রিয়া হতে পারে। শিশু শরীরে ভিটামিন `এ,-এর মাত্রা মারাত্মকভাবে কমে যায়। এছাড়া মধ্যকর্ণের ইনফেকশন, এমনকি কিছু ক্ষেত্রে মস্তিষ্কে সংক্রমণও দেখা যায়। অন্যদিকে, টিকা নেওয়া শিশুদের ক্ষেত্রে সাধারণত বিশ্রাম, পর্যাপ্ত তরল এবং ভিটামিন `এ,-এর সহায়তাতেই রোগ সেরে যায়।

**র‌্যাশ হওয়ার আগে কীভাবে হাম শনাক্ত করা যায়?**

ডা. মো. সিয়াম বলেন, "সমস্যা হলো, আমরা আসলে র‌্যাশটা দেখে বুঝি যে হাম হয়েছে। কিন্তু এই র‌্যাশ হওয়ার আরও ৩-৫ দিন আগেই এই হাম শুরু হয়েছে এবং সে সময় রোগী যাদের সংস্পর্শে এসেছে, তারাও ইতোমধ্যে এতে আক্রান্ত হয়েছে।„ চিকিৎসকদের মতে, হাম নিয়ন্ত্রণে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো দ্রুত ব্যবস্থা নেওয়া। র‌্যাশ ওঠার জন্য অপেক্ষা করলে অনেক দেরি হয়ে যায়। বর্তমান প্রেক্ষাপটে, যখনই কোনো শিশুর মধ্যে জ্বর-কাশি-সর্দির মতো উপসর্গ দেখা যাবে, তখনই তাকে আলাদা রাখতে হবে। পাশাপাশি গলা ব্যথা থাকতে পারে, থাকতে পারে শুকনো কাশি, কঞ্জাংক্টিভাইটিস মানে চোখ লাল হওয়া, চোখ থেকে পানি পড়ার মতো উপসর্গ। এই লক্ষণগুলো অনেক সময় সাধারণ ঠান্ডা-জ্বর ভেবে অবহেলা করা হয়। কিন্তু বিশেষজ্ঞরা বলছেন, বর্তমানে যদি এসব উপসর্গ দেখা যায়, বিশেষ করে স্কুলগামী শিশুদের ক্ষেত্রে, তাহলে তাকে বাড়িতে রাখা এবং অন্যদের থেকে আলাদা করা জরুরি।

**হাম কীভাবে ছড়ায়?**

হাম একটি ভাইরাসজনিত রোগ, যা মিজলস ভাইরাসের মাধ্যমে অত্যন্ত দ্রুত ছড়ায়। একজন আক্রান্ত ব্যক্তি তার আশেপাশের ১২ থেকে ১৮ জনকে সংক্রমিত করতে পারে। এটি মূলত হাঁচি-কাশির মাধ্যমে, অর্থাৎ রেসপিরেটরি ড্রপলেট দিয়ে ছড়ায়।

**সচেতনতা**

বর্তমান প্রেক্ষাপটে সাধারণ সর্দি কাশি হলেও চিকিৎসকের পরামর্শ নিতে হবে। সেই শিশুদের অন্য কারও সংস্পর্শে আসতে দেওয়া যাবে না। পরিবার এবং শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিশুদের হাঁচি, কাশির এটিকেট যেমন, মুখ অন্যদিকে ঘুরিয়ে কাশি দেওয়া, হাঁচি কাশির সময় রুমাল ব্যবহার করা, বারবার হাত ধুয়ে ফেলা ইত্যাদি শেখানো প্রয়োজন।
(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৩.২০২৬ আলী আহমেদ)

## ট্যাগ অফিসার, তেল মজুত ধরতে পুরস্কার- কিন্তু কার্যকর ব্যবস্থাপনা কতটা হচ্ছে

ইরান যুদ্ধের জের ধরে বাংলাদেশে তৈরি হওয়া জ্বালানি সংকটকে পুঁজি করে তেলের মজুত ও পাচার ঠেকাতে হিমশিম খাচ্ছে সরকার। শেষ পর্যন্ত সরকার মজুত ও পাচার ঠেকাতে সে বিষয়ে কেউ তথ্য দিলে এক লাখ টাকা পুরস্কার ঘোষণা করেছে। সরকার বলছে, দেশে অকটেন ও পেট্রোল নিয়ে 'কৃত্রিম সমস্যা' তৈরি হয়েছে, যদিও এসব জ্বালানির চাহিদা মাত্র ৬ শতাংশের কিছু বেশি। তবে একই সাথে প্রশ্ন উঠছে যে, যুদ্ধ পরিস্থিতি বিবেচনায় নিয়ে ফুয়েল কার্ড চালু কিংবা বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের নির্দেশনা বা আহ্বান জানালেও সার্বিকভাবে দেশের অভ্যন্তরীণ ব্যবস্থাপনা যথাযথ হচ্ছে কি-না। বিশ্লেষকরা বলছেন, সরকার একদিকে সাশ্রয়ী হওয়ার কথা বলছে, কিন্তু অন্যদিকে দোকান-পাট, বাজার-ঘাট রাত পর্যন্ত চালু রাখা হচ্ছে- আবার জ্বালানি সাশ্রয়ে মোটরসাইকেল ও ব্যক্তিগত গাড়ি চলাচল কমিয়ে আনার কোনো চেষ্টাও দেখা যাচ্ছে না। তাদের মতে, সরকার তেল সংগ্রহে যথাযথ উদ্যোগ নিলেও, অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় সফল হচ্ছে না এবং গুছিয়ে পদক্ষেপ নিতে পারছেনা বলেই তাদের কাছে মনে হচ্ছে। যদিও জ্বালানি বিভাগ জানিয়েছে, জ্বালানির দীর্ঘমেয়াদি সংকটের আশঙ্কা বিবেচনায় নিয়ে সাশ্রয়ী কিংবা কৃচ্ছ্রতা সাধনের জন্য 'ওয়ার্ক ফ্রম হোম' কিংবা 'অনলাইনে ক্লাস,-সহ আরও কিছু প্রস্তাবনা তৈরির কাজ এখন চলছে। "সরকার সিরিয়াসলি এগুলো বিবেচনা করছে।

এগুলো নিয়ে বিভিন্ন বিভাগ কাজ করছে। আমরা আপাতত সাশ্রয়ী হওয়ার জন্য বলছি,„ এক সংবাদ সম্মেলনে বলেছেন জ্বালানি বিভাগের যুগ্ম সচিব মনির হোসেন চৌধুরী।

**অভ্যন্তরীণ ব্যবস্থাপনা কতটা হচ্ছে**

যুদ্ধ শুরুর পর থেকেই সরকারকে সবচেয়ে বেশি লড়াই করতে হচ্ছে তেলের মজুতদারি ও পাচার ঠেকানোর জন্য। আজ সোমবার মজুতদারদের ধরতে সহায়তার জন্য লাখ লাখ টাকা পুরস্কার ঘোষণা করে বিজ্ঞপ্তি দিয়েছে সরকার। বাংলাদেশের মোট জ্বালানি চাহিদার প্রায় ৬২ শতাংশ পূরণ করা হয় আমদানির মাধ্যমে, আর এই আমদানির বেশির ভাগই আসে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ থেকে। ইরান যুদ্ধের শুরু থেকেই মধ্যপ্রাচ্যের দেশগুলো থেকে জ্বালানি তেল আমদানি সংকটে পড়তে পারে বিবেচনায় সরকার একাধিক বিকল্প উৎস থেকে তেল ও এলএনজি আনার উদ্যোগ নেয়। প্রতিবেশী ভারত থেকেও পাইপলাইনে করে চারটা চালানে ২২ হাজার মেট্রিক টন ডিজেল এসেছে বাংলাদেশে। রাশিয়া থেকে ৬ লাখ টন তেল আনার জন্য চিঠি দিয়ে আমেরিকার উত্তরের অপেক্ষায় আছে সরকার। অস্ট্রেলিয়া ও অ্যাঙ্গোলা থেকে এলএনজি আনার পাশাপাশি, ইন্দোনেশিয়া থেকে ৬০ হাজার মেট্রিক টনের দুটো কার্গো শিগ্‌গিরই বাংলাদেশে এসে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে। এছাড়া সিঙ্গাপুর, মালয়েশিয়া, নাইজেরিয়া, অ্যাঙ্গোলা, অস্ট্রেলিয়া ও যুক্তরাষ্ট্রসহ আরও কয়েকটি দেশের সাথে সরকার আরও তেল ও গ্যাসের জন্য আলোচনা চালিয়ে যাচ্ছে বলে জ্বালানি বিভাগ জানিয়েছে। কিন্তু প্রশ্ন হলো, আমদানির ক্ষেত্রে সরকার যতটা উদ্যোগ নিয়েছে, অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় ততটা উদ্যোগ দেখা যাচ্ছে না কেন। বিশেষ করে, বিশ্বের কিছু দেশ অফিস আওয়ার কমানো, অনলাইন অফিস বাড়ানো, জোর বিজোড় সংখ্যার গাড়ি আলাদা করে তেল সরবরাহ করার মতো পদক্ষেপ নিলেও বাংলাদেশে তেমনটি দেখা যায় না।

বরং পেট্রোল বা অকটেনের জন্য দেশজুড়ে ফিলিং স্টেশনগুলোতে দীর্ঘ লাইন দেখা গেলেও, মোটরসাইকেল ও ব্যক্তিগত গাড়ি 'গ্যারেজে রেখে গণপরিবহণে' চলার ক্ষেত্রে জনসাধারণকে উৎসাহিত এবং প্রয়োজনে বাধ্য করার মতো কোনো পদক্ষেপ সরকার নেয়নি বলে বলছেন জ্বালানি খাতের বিশ্লেষক অধ্যাপক শামসুল আলম। আবার সারা দেশের বাজারঘাট থেকে শুরু করে দোকান-পাট শপিংমল পর্যন্ত সন্ধ্যার পরেও কয়েক ঘণ্টা ধরে চালু থাকতে দেখা যাচ্ছে। অর্থাৎ সন্ধ্যার সাথে সাথেই বাজারসহ বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলো বন্ধ করার কোনো উদ্যোগ নেই। বরং মোটর বাইকের তেলের ট্যাংক আলাদা করে নিয়ে তেল সংগ্রহ করা হচ্ছে ফিলিং স্টেশন থেকে এমন দৃশ্য দেখা যাচ্ছে দেশের বহু জায়গায়। বিশেষ করে উপজেলা পর্যায়ে মোটরসাইকেল চলাচলে আরও নিয়ন্ত্রণ আরোপের চিন্তাও এখন গুরুত্ব পায়নি। "সার কারখানার গ্যাস অন্য জায়গায় দিতে হচ্ছে। সামনে কী হয়, আমরা জানি না। সেখানে সরকারের উচিত, অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় আরও নজর দেওয়া। কৃচ্ছ্রতা সাধন করতেই হবে। দেখতে হবে, সবাইকে নিয়ে কীভাবে সংকটের সময়টার উত্তরণ ঘটানো যায়। এজন্য সঠিক ব্যবস্থাপনা জরুরি,„ বিবিসি বাংলাকে বলছিলেন অর্থনীতিবিদ ড. মুস্তাফিজুর রহমান।

**সরকার যা বলছে**

বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয়ের এক সংবাদ সম্মেলনে যুগ্ম মনির হোসেন চৌধুরী বলেছেন, মোটরসাইকেলকে বিবেচনায় নিয়েই জেলা প্রশাসকরা ফুয়েল কার্ড চালু করছেন এবং একটা অ্যাপস তৈরি করা হচ্ছে, যাতে কিউ আর কোড থাকবে। "এক সপ্তাহে একবার তেল নিয়ে আবার আর কোথাও গেলে যেন টের পাওয়া যায়,„ বলছিলেন তিনি। তিনি জানান, জ্বালানি চাহিদার মাত্র ৬ শতাংশ হলো অকটেন এবং সেখানেই এই 'কৃত্রিম সমস্যা' তৈরি হয়েছে। "মজুতদারি এর একটা অংশ, প্যানিক বায়িং মানসিকতার কারণে সংকট বেশি চোখে পড়ে। সাপ্লাই চেন বিবেচনায় নিয়ে সরকারকে বিভিন্ন সিদ্ধান্ত নিতে হচ্ছে।„ এছাড়া প্রতিটি ফিলিং স্টেশনে ট্যাগ অফিসার নিয়োগের জন্য জেলা প্রশাসকদের নির্দেশনা দেওয়া হয়েছে। তবে জ্বালানি মন্ত্রণালয়ের সূত্রগুলো বলছে, সরকারের বিভিন্ন বিভাগ এখন কিছু 'সাশ্রয়ী পদক্ষেপ' নিয়ে বিচার বিশ্লেষণ করছে। এটি চূড়ান্ত হলে অফিস সময়সূচিতে পরিবর্তন, সাপ্তাহিক ছুটি বাড়ানো কিংবা ওয়ার্ক ফ্রম হোম নীতি সাময়িক সময়ের জন্য চালু করা হতে পারে। আবার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম বন্ধ না করে করোনার সময়কালের মতে অনলাইন ক্লাস চালুর বিষয়টিও আলোচনায় আছে। মন্ত্রিসভার পরবর্তী বৈঠকে এসব বিষয় আলোচনায় আসতে পারে বলে একজন কর্মকর্তা জানিয়েছেন।

এর আগে, সরকার বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে নির্দেশনা জারি করেছিল। এতে করিডোর, সিঁড়ি, ওয়াশরুমসহ সাধারণ স্থানে যতটা সম্ভব আলোর ব্যবহার কমাতে এবং জ্বালানি-সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহারে উৎসাহ দেওয়ার কথাও বলা হয়েছে। অফিস সময় শেষ হওয়ার পর সব ধরনের বৈদ্যুতিক যন্ত্র বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে ওই নির্দেশনায়। অর্থনীতিবিদ মুস্তাফিজুর রহমান বলছেন, সরকার বিভিন্ন সূত্র থেকে জ্বালানি আনার চেষ্টা করছে এবং রিজার্ভের ওপর চাপ কমাতে বিশ্বব্যাংক, আইএমএফ, এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন জায়গা থেকে ঋণ পাওয়ার চেষ্টা করছে। "সাপ্লাই ঠিক রাখতে এগুলো ভালো পদক্ষেপ। ভারত থেকে পাইপলাইন ব্যবহার করে আরও আনা যায় কি-না সরকার তা দেখতে পারে। আবার ভারতীয় গ্রিড ব্যবহার করে নেপাল থেকে আনা বিদ্যুতের পরিমাণ বাড়ানোর চেষ্টা

করতে পারে। এর পাশাপাশি সংকটকালকে বিবেচনায় অভ্যন্তরীণ ব্যবস্থাপনা আরও জোরদার করতে হবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। যদিও অধ্যাপক শামসুল আলম বলছেন, সাপ্লাই চেইন নিয়ন্ত্রণের মাধ্যমে চাহিদা নিয়ন্ত্রণ বা কমানো সম্ভব হয়, কিন্তু সাপ্লাই চেইনেই সরকারের নিয়ন্ত্রণ শতভাগ হয়নি। "সরকার আসলে গুছিয়ে ভাবছে না। মজুত থেকে সরবরাহ- সব ধাপে সরকারের নিয়ন্ত্রণ পুরো হয়নি বলেই কালোবাজারির উত্থান হয়েছে। তেল কালোবাজারে গিয়ে কারা লাভবান হচ্ছে, সেটা পরিষ্কার। চাহিদা নিয়ন্ত্রণে সরকারের কৌশলগত পরিকল্পনাও স্পষ্ট নয়। রাস্তায় গাড়ি কমানো, গণপরিবহণ বাড়ানো- জনগণের মধ্যে বার্তা শক্তভাবেই দেওয়া যেতো। কিন্তু তা হয়নি সেসব হয়নি " বিবিসি বাংলাকে বলেছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৩.২০২৬ আলী আহমেদ)

## আইআরজিসি নৌ কমান্ডার আলিরেজা তানসিরির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করলো ইরান

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ডস কোরের (আইআরজিসি) নৌবাহিনীর কমান্ডার আলিরেজা তানসিরির মৃত্যুর বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করেছে বিপ্লবী গার্ড। চারদিন আগে আলিরেজা তানসিরির নিহত হওয়ার কথা জানিয়েছে ইসরায়েল। তখন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ দাবি করেছিলেন, ইসরায়েলের বিমান হামলায় তানসিরি নিহত হয়েছেন। আইআরজিসির সঙ্গে সংশ্লিষ্ট সংবাদমাধ্যম তাসনিমে প্রকাশিত বিপ্লবী গার্ড কোরের বিবৃতিতে বলা হয়, ইরানের দ্বীপ ও উপকূলের প্রতিরক্ষা জোরদারে কাজ করছিলেন তানসিরি এবং বাহিনীগুলো সংগঠনে সক্রিয় ছিলেন। এগুলো করতে গিয়েই গুরুতর আহত হন তিনি এবং শেষ পর্যন্ত সেই আঘাতেই তিনি মারা যান। বিবৃতিতে আরও বলা হয়, আলিরেজা তানসিরির অনুপস্থিতিতেও আইআরজিসি নৌবাহিনী সাম্প্রতিক সময়ে 'কঠোর আঘাত' হেনেছে এবং হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নিজেদের কব্জায় রেখেছে। আইআরজিসি আরও জানায়, শত্রুকে সম্পূর্ণভাবে বিনাশ না করা পর্যন্ত তারা থামবে না। আলিরেজা তানসিরি ২০১৮ সালে আইআরজিসির নৌবাহিনীর কমান্ডার হিসেবে নিযুক্ত হন। এর আগে, ২০১০ সাল থেকে তিনি আইআরজিসির নৌবাহিনীর ডেপুটি কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। তানসিরি একজন স্পষ্টভাষী কমান্ডার হিসেবে পরিচিত। এর আগে, ২০১৯ সালে তিনি হুমকি দিয়েছিলেন যে, ইরানের তেল রপ্তানি ব্যাহত হলে তারা হরমুজ প্রণালি বন্ধ করে দেবেন। ২০১৯ সালে ইরানের উপকূলে যুক্তরাষ্ট্রের একটি নজরদারি ড্রোন ভূপাতিত করার পর, অন্যান্য আইআরজিসি কমান্ডারদের সাথে তানসিরির উপরও যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগ নিষেধাজ্ঞা আরোপ করেছিল।
(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## যুক্তরাজ্যে খাদ্যপণ্যের দাম বেড়ে যাওয়ার সতর্কতা

ইরানের যুদ্ধের ফলে সৃষ্ট অর্থনৈতিক প্রভাবে বিশ্বে খাবারের দাম বেড়ে যেতে পারে বলে সতর্ক করেছেন ব্রিটিশ কর্মকর্তারা। বিষয়টি নিয়ে আলোচনার জন্য যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার সোমবার ডাউনিং স্ট্রিটে ব্যবসায়ী নেতাদের সাথে বৈঠকে বসবেন। বৈঠকের আগেই একটি সতর্কবার্তা এসেছে যে, ইরান হরমুজ প্রণালি অবরোধ করার পর থেকে কেবল তেলের দামই বাড়েনি, বরং সারের দামের উপরও কড়া নজর রাখা প্রয়োজন বলে জানিয়েছেন একজন নৌপরিবহণ বিষয়ক বিশ্লেষক। শিপিং কনসালটেন্সি ফার্ম `ভেসপুচি মেরিটাইম,- এর প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী লার্স জেনসেন বলেছেন, বিশ্বের সমুদ্রপথে পরিবাহিত সারের প্রায় ২০ থেকে ৩০ শতাংশ পারস্য উপসাগরীয় অঞ্চল থেকে আসে। বিবিসি রেডিও ৪-এর `টুডে, প্রোগ্রামে তিনি বলেন, "এর ফলে বিশেষ করে দরিদ্র দেশগুলোতে খাদ্যের দাম অত্যন্ত দ্রুতগতিতে বৃদ্ধি পাবে।„ এদিকে, যুক্তরাজ্যের ন্যাশনাল ফার্মারস ইউনিয়ন সতর্ক করে বলেছে, জ্বালানি এবং সারের দাম বেড়ে যাওয়ার মানে হচ্ছে অবধারিতভাবে জাতীয় পর্যায়ে খাদ্যপণ্যের দাম বাড়বে।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## ইরানি রাষ্ট্রদূত লেবানন ছাড়বেন না : ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, বৈরুতে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মোহাম্মদ রেজা শেইবানি রউফ লেবানন ছাড়ছেন না এবং সেখানেই তিনি তার দায়িত্ব পালন করে যাবেন। যদিও গত সপ্তাহে লেবানন সরকার মোহাম্মদ রেজা শেইবানি রউফকে বহিষ্কার করেছিল এবং দেশ ছাড়ার নির্দেশ দিয়েছিল। ইসমাইল বাঘাই সাপ্তাহিক সংবাদ সম্মেলনে বলেন, "লেবাননে আমাদের দূতাবাস খোলা রয়েছে এবং সংশ্লিষ্ট পক্ষগুলোর সঙ্গে হওয়া আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, আমাদের রাষ্ট্রদূত বৈরুতে ইরানের রাষ্ট্রদূত হিসেবে তার কাজ চালিয়ে যাবেন এবং তিনি তার বাসভবনেই অবস্থান করবেন।„ লেবাননের একাধিক সূত্র বিবিসি পার্সিয়ানকে জানিয়েছে, ইরানের রাষ্ট্রদূত লেবানন ছাড়বেন না। আর, লেবাননের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দূতাবাসে প্রবেশের নিয়ম নেই এবং তারা রাষ্ট্রদূতকে জোর করে বের করতে পারবে না। কারণ কূটনৈতিক নিয়ম অনুযায়ী, দূতাবাসটি এখন ইরানের ভূখণ্ড হিসেবে বিবেচিত হচ্ছে। গত সপ্তাহে লেবাননের পররাষ্ট্র মন্ত্রণালয় মোহাম্মদ রেজা শেইবানি রউফকে "অনাকাঙ্ক্ষিত ব্যক্তি„ ঘোষণা করে এবং তাকে রোববারের মধ্যে দেশ ছাড়ার নির্দেশ দেয়। তেহরান ও বৈরুতের সম্পর্কের ইতিহাসে এ ছিল এক নজিরবিহীন পদক্ষেপ। লেবাননের পররাষ্ট্র মন্ত্রণালয়ের অভিযোগ, শেইবানি লেবাননের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপমূলক মন্তব্য করেছেন।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি পরিচালনা ও টোল আদায়ের জন্য 'নতুন ব্যবস্থা' চালুর কথা ভাবছে ইরান

ইরানের পার্লামেন্ট বা মজলিশ সদস্য আলাউদ্দিন বোরুজেরদি বলেছেন, হরমুজ প্রণালি পরিচালনা-সংক্রান্ত একটি নতুন সংসদীয় পরিকল্পনা 'যত দ্রুত সম্ভব অনুমোদন করা হবে'। বোরুজেরদি জানান, প্রস্তাবিত এই 'নতুন ব্যবস্থার, অধীনে ইরানের 'অনুমতি ছাড়া' কোনো জাহাজ ওই প্রণালি দিয়ে চলাচল করতে পারবে না। তিনি আরও উল্লেখ করেন যে, ইরান এই প্রণালিতে ট্রানজিট টোল বা যাতায়াত শুল্ক আরোপ করার কথাও ভাবছে। তিনি বলেন, "যেহেতু নিরাপত্তা বজায় রাখা এবং চলাচলকারী জাহাজগুলোকে পরিষেবা প্রদানের ক্ষেত্রে খরচ হয়, তাই এ প্রণালি দিয়ে যাতায়াতের জন্য ট্রানজিট টোল সংগ্রহের একটি কাঠামো তৈরি করতে হবে।„ এ ছাড়াও তিনি বলেন যে, ইরানের পরমাণু অস্ত্র বিস্তার রোধ চুক্তি বা এনপিটি থেকে বেরিয়ে আসার 'সময় এসে গেছে'। তার মতে, ইসরায়েল ও যুক্তরাষ্ট্র কর্তৃক ইরানের পরমাণু স্থাপনায় হামলা করার পর এ চুক্তির 'প্রাসঙ্গিকতা' আর থাকে না।
(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## মধ্যপ্রাচ্যে বিশেষ মার্কিন বাহিনীর উপস্থিতি : সিবিএস

যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর নেভি সিলস, আর্মি রেঞ্জার্সসহ শত শত বিশেষ বাহিনীর সদস্য এখন মধ্যপ্রাচ্যে অবস্থান করছে বলে জানিয়েছে বিবিসি'র মার্কিন অংশীদার সিবিএস নিউজ। প্রতিবেদন অনুযায়ী, হাজার হাজার মার্কিন মেরিন ও প্যারাট্রুপারও ইতোমধ্যে এই অঞ্চলে রয়েছে। সূত্রগুলো সিবিএসকে জানিয়েছে, এসব বিশেষ বাহিনী মোতায়েনের উদ্দেশ্য ইরান নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে বিভিন্ন সামরিক পদক্ষেপ গ্রহণের সুযোগ করে দেওয়া। এর মধ্যে হরমুজ প্রণালি খুলে দেওয়া, খারগ দ্বীপ থেকে তেলের নিয়ন্ত্রণ নেওয়া বা ইরানের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত দখলের মতো পরিকল্পনাও থাকতে পারে। তবে এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড সেন্টকম। এর আগে, শনিবার সেন্টকম জানিয়েছিল, ইউএসএস ট্রিপোলি জাহাজে করে সাড়ে তিন হাজার নাবিক ও মেরিন সদস্য মধ্যপ্রাচ্যে পৌঁছেছে।(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

## ইরানের সঙ্গে যুদ্ধে এ পর্যন্ত ইসরায়েলে ৬০০০ মানুষ হাসপাতালে

ইসরায়েলের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ইরানের সঙ্গে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এখন পর্যন্ত ছয় হাজারের বেশি মানুষকে হাসপাতালে নেওয়া হয়েছে। মন্ত্রণালয় বলছে, বর্তমানে ১২১ জন চিকিৎসাধীন রয়েছেন, যাদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক এবং ১৬ জন গুরুতর অবস্থায় আছেন। গত ২৪ ঘণ্টায় দেশজুড়ে বিভিন্ন হাসপাতালে আরও ২৩২ জন আহত ব্যক্তি ভর্তি হয়েছেন বলে জানিয়েছে ইসরায়েলের মন্ত্রণালয়।
(বিবিসি ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ এলিনা)

# এনএইচকে

## যুক্তরাষ্ট্র-ইরান আলোচনার বিষয়ে আশাবাদী পাকিস্তান, অনমনীয় অবস্থানে তেহরান

পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, তিনি আশা করছেন, অদূর ভবিষ্যতে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনা অনুষ্ঠিত হবে। তবে ইরান আবারও শেষ পর্যন্ত লড়াই চালিয়ে যাওয়ার অঙ্গীকার করেছে। যুক্তরাষ্ট্র ওই অঞ্চলে তাদের সেনাবাহিনীর র্যাপিড-রেসপন্স ফোর্স মোতায়েনের ঘোষণা দেওয়ার পর দেশটি সেই অঙ্গীকার করল। যুক্তরাষ্ট্র ইরানের ওপর সামরিক চাপ বাড়িয়ে চলেছে। রবিবার তেহরানের রাষ্ট্রীয় গণমাধ্যম ইরানি জনগণের উদ্দেশ্যে সংসদীয় স্পিকারের একটি বার্তা সম্প্রচার করেছে। মোহাম্মদ বাঘের গালিবাফ বলেছেন, "শত্রু প্রকাশ্যে আলোচনার ইঙ্গিত দিলেও, গোপনে স্থল আক্রমণের পরিকল্পনা করছে।„ তিনি আরও বলেন যে, ইরানের বাহিনী "যে-কোনো মার্কিন স্থলবাহিনীর জন্য প্রস্তুত„ এবং ইরান "কখনোই অপমান মেনে নেবে না।„ রবিবারও ইরান ও ইসরায়েলের মধ্যে গোলাগুলি অব্যাহত ছিল। ইসরায়েলি সংবাদমাধ্যমগুলো জানিয়েছে যে, ক্ষেপণাস্ত্রের কিছু অংশ দক্ষিণ ইসরায়েলি শহর বেরেশেবার নিকটবর্তী একটি শিল্পাঞ্চলে পড়লে সেখানে অগ্নিকাণ্ডের সৃষ্টি হয়। ইসরায়েলি সামরিকবাহিনী রবিবার জানিয়েছে যে, তারা ইরানের রাজধানী তেহরানে ব্যাপক বিমান হামলা চালিয়েছে। তারা বলেছে, ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের জন্য গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ উৎপাদনকারী একটি স্থাপনায় হামলা চালানো হয়েছে। সামরিকবাহিনী আরও জানিয়েছে যে, তারা ইরানের "সামরিক শিল্পগুলোর„ উপর হামলা অব্যাহত রেখেছে। এদিকে, সংঘাত নিরসনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। রবিবার পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে পাকিস্তান, তুরস্ক, সৌদি আরব ও মিশরের পররাষ্ট্রমন্ত্রীরা আলোচনায় বসেন। এই কূটনৈতিক প্রচেষ্টায় পাকিস্তান মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করছে। পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার এক বিবৃতিতে বলেছেন, মন্ত্রীরা এই অঞ্চলের যুদ্ধের দ্রুত ও স্থায়ী অবসান ঘটানোর সম্ভাব্য উপায় নিয়ে আলোচনা করেছেন। তিনি আরও বলেন, আগামী দিনে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে অর্থপূর্ণ আলোচনার আয়োজন ও সমন্বয় করতে পারলে পাকিস্তান সম্মানিত বোধ করবে।(এনএইচকে ওয়েবপেইজ: ৩০.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## অন্তর্বর্তী সরকারের অধ্যাদেশ নিয়ে বিএনপি-বিরোধী মতভেদ

অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা ১৩৩টি অধ্যাদেশ যাচাইয়ের কাজ শেষ করেছে জাতীয় সংসদের বিশেষ কমিটি। এসব অধ্যাদেশ পর্যালোচনার সময় ১৪-১৫টি বিষয়ে সরকারি দল বিএনপির অবস্থানের সঙ্গে একমত হয়নি বিরোধী দল জামায়াতে ইসলামী। তারা নোট অব ডিসেন্ট (ভিন্নমত) দিয়েছে। জাতীয় সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে রোববার রাতে তৃতীয় দিনের মতো বৈঠক করে বিশেষ কমিটি। এই বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি জয়নুল আবেদীন। বৈঠকে অংশ নেন কমিটির সদস্য স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, চিফ হুইপ মো. নূরুল ইসলাম, আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান, জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী, সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ফারজানা শারমীন, সংসদ সদস্য মুহাম্মদ ওসমান ফারুক, এ এম মাহবুব উদ্দিন, মুহাম্মদ নওশাদ জমির, মো. মুজিবুর রহমান, মো. রফিকুল ইসলাম খান ও জি এম নজরুল ইসলাম। বিশেষ কমিটির আমন্ত্রণে এই বৈঠকে আরও অংশ নেন সংসদ সদস্য মোহাম্মদ নাজিবুর রহমান। বৈঠক শেষে রাত ১২টার দিকে বিশেষ কমিটির সদস্য ও বিরোধী দল জামায়াতে ইসলামীর সংসদ সদস্য রফিকুল ইসলাম খান সাংবাদিকদের বলেন, অধ্যাদেশগুলো যাচাইয়ের ক্ষেত্রে বিশেষ কমিটির বৈঠকে সরকারি দল সংখ্যাগরিষ্ঠতার জোরে কিছু বিষয় পাস করানোর চেষ্টা করেছে। বিরোধী দলের সদস্যরা এ ধরনের ১৪-১৫টি বিষয়ে একমত হননি, তারা নোট অব ডিসেন্ট (ভিন্নমত) দিয়েছেন। বিশেষ কমিটির এই সদস্য বলেন, মানবাধিকার কমিশন, পুলিশ কমিশন, গুম প্রতিরোধ, সুপ্রিম কোর্টের স্বাধীন সচিবালয় প্রতিষ্ঠা- এসব বিষয়ে সংস্কার হয়েছে। তবে সরকারি দল নিজেদের মতো করে দলীয়করণ করার লক্ষ্যে সেগুলোকে আবার আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে যেতে চায়। যেমন মানবাধিকার কমিশন স্বাধীন কমিশন, সরকারি দল এখানেও দলীয়করণ করতে চায়। দুর্নীতি দমন কমিশন স্বাধীন কমিশন। এখানে নিয়োগপ্রক্রিয়া থেকে শুরু করে অনেক কিছু সরকারি দল বাদ দিতে চাইছে। বিরোধী দল এখানে একমত হয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশে জ্বালানি সংকট মোকাবিলায় কর্মচারীদের একাধিক নির্দেশ

মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাবে জ্বালানি সংকট তীব্র হওয়ায়, সরকারি কর্মচারীদের বিদ্যুৎ সাশ্রয়ের জন্য বাতি নেভানো ও এয়ার কন্ডিশনারের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসে রাখার নির্দেশ দিয়েছে বাংলাদেশ সরকার। আজ সোমবার কর্মকর্তাদের উদ্ধৃত করে এ খবর জানিয়েছে বার্তা সংস্থা এএফপি। দক্ষিণ এশিয়ার ১৭ কোটি জনসংখ্যার দেশটি তেল ও গ্যাসের মোট চাহিদার ৯৫ শতাংশই আমদানি করে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তা সাখাওয়াত হোসেন এএফপিকে জানান, অফিসে উপস্থিতি এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের বিষয়ে একাধিক আদেশ জারি করেছে মন্ত্রণালয়। রোববার গভীর রাতে জারি করা এক আদেশে বলা হয়েছে, ”শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক বাতি, পাখা এয়ার কন্ডিশনার এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করা উচিত।„ এ আদেশে কর্মীদের অফিস ছাড়ার সময় বাতি বন্ধ করার কথাও মনে করিয়ে দেওয়ার পাশাপাশি, এয়ার কন্ডিশনারের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি রাখার নির্দেশও দেওয়া হয়েছে। জ্বালানি সংকট মোকাবিলায় বহুপাক্ষিক দাতাদের কাছ থেকে প্রায় ২ বিলিয়ন মার্কিন ডলার ঋণ চাওয়ার কথা জানিয়েছে বাংলাদেশ। জ্বালানির খরচ কমাতে ইতোমধ্যে জ্বালানি ক্রয়ের সীমা নির্ধারণ, বেশিরভাগ সার কারখানায় উৎপাদন বন্ধ রাখা এবং ফিলিং স্টেশনগুলোতে পুলিশ মোতায়েনসহ বেশ কিছু পদক্ষেপ নিয়েছে সরকার। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ রুবাইয়া)

## বকেয়া পরিশোধ না করায় আইপিএল সম্প্রচারে টি-স্পোর্টসের সঙ্গে চুক্তি বাতিল

পাওনা টাকা পরিশোধে ব্যর্থ হওয়ায় বাংলাদেশের চ্যানেল টি-স্পোর্টস-এর সঙ্গে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) ক্রিকেটের সম্প্রচার চুক্তি বাতিল করেছে ভারতীয় বিনোদন প্রতিষ্ঠান জিওস্টার। বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে জানানো হয়, চুক্তি বাতিল সম্পর্কিত দাপ্তরিক চিঠি দেখে এ বিষয়ে নিশ্চিত হয়েছে তারা। ভারতীয় ধনকুবের মুকেশ আম্বানির রিলায়েন্স এবং ডিজনির যৌথ উদ্যোগ ᐟজিওস্টার, বাংলাদেশে তাদের স্থানীয় অংশীদার টি-স্পোর্টসের সঙ্গে এই চুক্তিটি করেছিল। রয়টার্সের প্রতিবেদন অনুযায়ী, চিঠিতে জিওস্টার জানায়, তাদের অংশীদার চুক্তির শর্ত অনুযায়ী নির্ধারিত সময়ে অর্থ পরিশোধে টি-স্পোর্টস ক্রমাগত ব্যর্থ হওয়ায় কঠোর এই পদক্ষেপ নেওয়া হয়েছে। রয়টার্সের পক্ষ থেকে এ বিষয়ে যোগাযোগ করা হলে জিওস্টার কোনো মন্তব্য করেনি। অন্যদিকে টি-স্পোর্টস এবং বাংলাদেশের ক্রীড়া ও তথ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকেও তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। উল্লেখ্য, ২০২৪ সালের আগস্টে বাংলাদেশে রাজনৈতিক পরিবর্তনের পর থেকে ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কে কিছুটা টানাপড়েন চলছে। এর আগে, জানুয়ারি মাসে বিসিসিআই-এর নির্দেশে কলকাতা নাইট রাইডার্স দল থেকে বাংলাদেশের পেসার মোস্তাফিজুর রহমানকে বাদ দেওয়ার পর বাংলাদেশের অন্তর্বর্তী সরকার আইপিএল সম্প্রচার নিষিদ্ধ করেছিল। বর্তমানে নির্বাচিত সরকার সেই নিষেধাজ্ঞা পর্যালোচনার কথা বললেও এবং গত শনিবার ক্রীড়া মন্ত্রণালয়ের মতামতের ওপর ভিত্তি করে পরবর্তী পদক্ষেপ নেওয়ার কথা জানালেও, জিওস্টারের এই চুক্তি বাতিলের ফলে নতুন জটিলতা তৈরি হয়েছে। তবে

বিকল্প উপায়ে খেলা দেখার সুযোগ এখনো রয়েছে। স্টার স্পোর্টসের মাধ্যমে বাংলাদেশের দর্শকরা আইপিএল উপভোগ করছেন। স্থানীয় ক্যাবল অপারেটররা বলছেন, স্টার স্পোর্টস চালু রাখার ক্ষেত্রে তাদের কোনো বাধা নেই। বিশ্বের সবচেয়ে ধনী ক্রিকেট লিগ হিসেবে পরিচিত আইপিএলের বর্তমান বাজারমূল্য প্রায় ১৮.৫ বিলিয়ন ডলার। জিওস্টার-এর চিঠিতে আরো জানানো হয়, বকেয়া পরিশোধ না করায় মেয়েদের প্রিমিয়ার লিগ (ডব্লিউপিএল) সম্প্রচারের চুক্তিও একইভাবে বাতিল করা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ রুবাইয়া)

## কোনো সংকট নেই, দাবি বিসিবি সভাপতি আমিনুলের

বিসিবির সর্বশেষ নির্বাচনে অনিয়মের অভিযোগ তদন্ত করছে এনএসসির পাঁচ সদস্যের স্বাধীন তদন্ত কমিটি। ১১ মার্চ গঠিত কমিটি নিয়ে পরে উদ্বেগ প্রকাশ করে এক বিবৃতিতে বিসিবি বলেছে, আইসিসির কাছে এটি `বাইরের হস্তক্ষেপ, হিসেবে বিবেচিত হতে পারে, যা আইসিসিতে বাংলাদেশের সদস্যপদ ও ক্রিকেটের স্থিতিশীলতাকে ঝুঁকির মুখে ফেলতে পারে। বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বিদেশ থেকে দেশে ফিরে জানিয়েছেন, কোথাও কোনো সংকট নেই। তিনি ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোসহ কয়েকটি সংবাদ মাধ্যমের সাংবাদিককে জানিয়েছেন, "যারা সরকারে আছেন, তারা আমাদের স্পোর্টসের মালিক। শুধু ক্রিকেট না, সবকিছুর মালিক- আমরা তাদের সম্মান করি।„ বিসিবি সভাপতি বলেছেন, "আমি কোথাও কোনো সংকট দেখছি না। বোর্ড তার নিজস্ব নিয়মে স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। জাতীয় দল খেলছে আর মেয়েদের দল শ্রীলঙ্কার বিপক্ষে খেলার প্রস্তুতি নিচ্ছে। সামগ্রিকভাবে সব কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোথাও কোনো সংকট নেই। এটা তো নির্বাচিত কমিটি। সাড়ে পাঁচ মাস ধরে বোর্ড চলছে।„ আমিনুলের দাবি, "আমরা একটা স্বায়ত্তশাসিত সংগঠন। এ ধরনের সংগঠন স্বাধীনভাবে কাজ করে, তখন মনে হচ্ছিল (সরকারি হস্তক্ষেপ) হয়ত কিছু একটা হতে পারে। আপনি যদি বিবৃতিটা ভালো করে দেখেন, সেখানে লেখা ছিল `হতে পারে,, তার মানে এই না যে `হয়েছে,। পূর্বসতর্কতা হিসেবে এটা করা। সবার ভালোর জন্য আমরা অবস্থানটা পরিষ্কার করেছি। দিন শেষে আমরা তো বাংলাদেশের সরকারের অধীনেই কাজ করি। বিবৃতির একটা লাইন অনেকেই ভুলভাবে ব্যাখ্যা করছে। `ক্লোজ, করার একটা কথা উল্লেখ আছে। এটাকে অনেকেই `তদন্ত বন্ধ করা, বলে ব্যাখ্যা দিচ্ছে। ওটা ভুল ব্যাখ্যা।„(ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## ৩০ এপ্রিল সিলেট থেকে শুরু `নতুন কুঁড়ি স্পোর্টস,: প্রধানমন্ত্রী

আগামী ৩০ এপ্রিল সিলেট থেকে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রম `নতুন কুঁড়ি স্পোর্টস, শুরু করা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার সকাল সোয়া ১০টায় রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের `শাপলা হলে, ক্রীড়া ভাতা প্রদান কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ ঘোষণা দেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী খেলোয়াড়দের মাঝে `ক্রীড়া কার্ড, বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। একইসঙ্গে আন্তর্জাতিক পর্যায়ে সাফল্য অর্জনকারী ক্রীড়াবিদদের মাঝে সম্মাননাও প্রদান করেন। বেতন কাঠামোর আওতায় জাতীয় ক্রীড়াবিদদের ক্রীড়া ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এবারের কর্মসূচির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে, `ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা,। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## সাক্ষাৎ শেষে বিরোধীদলীয় নেতাকে এগিয়ে দিলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। সোমবার দুপুরে প্রধানমন্ত্রীর সংসদ সচিবালয় কার্যালয়ে তাদের সাক্ষাৎ হয়। এসময় বিরোধীদলীয় নেতাকে নিজ কার্যালয়ে স্বাগত জানান তারেক রহমান। সেই সঙ্গে আলাপ শেষে বিরোধীদলীয় নেতাকে তার সংসদ সচিবালয়ের কার্যালয়ের দিকে খানিকটা পথ এগিয়ে দেন প্রধানমন্ত্রী। এর আগে, দুপুর ১২টায় জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদের সহধর্মিণী দিলারা হাফিজের জানাজায় পাশাপাশি দাঁড়িয়ে পড়েন প্রধানমন্ত্রী ও বিরোধীদলীয় নেতা। জানাজা শেষে দুই নেতা একসঙ্গে হেঁটে সংসদ ভবনের দিকে এগোচ্ছিলেন। এ সময় প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলার আগ্রহ প্রকাশ করেন বিরোধীদলীয় নেতা। সঙ্গে সঙ্গে প্রধানমন্ত্রী সংসদ সচিবালয়ের নিজ কার্যালয়ে ডা. শফিকুর রহমানকে আমন্ত্রণ জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## কোনো রাজনৈতিক দলের সদস্য হবেন না : খেলোয়াড়দের প্রতি প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান খেলোয়াড়দের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, আপনারা কোনো রাজনৈতিক দলের সদস্য হবেন না। তিনি বলেন, "পেশাদার খেলোয়াড়ি জীবনে আপনারা কোনো রাজনৈতিক দল বা গোষ্ঠীর নয় বরং ক্রীড়া নৈপুণ্য দিয়ে দেশের প্রতিনিধিত্ব করুন। দেশে বিদেশে বিজয়মাল্য বরণ করে বিশ্ব ক্রীড়া জগতে বাংলাদেশকে উচ্চতর মর্যাদার আসনে সমাসীন রাখুন।„ তিনি আরও বলেন, দেশপ্রেম, ঐকান্তিক ইচ্ছা আর টিম স্পিরিট থাকলে আপনাদের সাফল্যজনক অগ্রযাত্রায় কেউ বাধা হয়ে দাঁড়াতে পারবে না বলে আমি বিশ্বাস করি। আজ সকাল সাড়ে ১০টায় তেজগাঁওয়ের প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে ক্রীড়াকার্ড ও ভাতা প্রদান কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে

প্রধানমন্ত্রী তারেক রহমান এসব কথা বলেন। তিনি বলেন, বর্তমান সময়ে ক্রীড়া শুধু শখ, বিনোদন কিংবা শরীর চর্চার বিষয় নয় বরং সারা বিশ্বে ক্রীড়া এখন পেশা হিসেবে স্বীকৃতি পাচ্ছে। বাংলাদেশও পিছিয়ে থাকবে না। ২০২৬ সালে জাতীয় নির্বাচনের আগে জনগণের কাছে আমরা দলীয় ইশতেহার প্রকাশ করেছিলাম। আমরা বলেছিলাম, জনরায়ে বিএনপি রাষ্ট্র ক্ষমতা পরিচালনার সুযোগ পেলে দেশে ক্রীড়াকে পেশা হিসেবে প্রতিষ্ঠিত করা হবে। জনগণের কাছে দেওয়া সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের পর্ব আনুষ্ঠানিকভাবে আজ থেকেই শুরু হলো।
(জাগো নিউজ ওয়েবপেজ: ৩০.০৩.২০২৬ আসাদ)

## সেটা যুদ্ধের ময়দানে ফয়সালা হয়ে গেছে : পুলিশ হত্যার বিচার প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী

জুলাই গণ-অভ্যুত্থানে পুলিশ হত্যার বিচার প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সেটা যুদ্ধের ময়দানে ফয়সালা হয়ে গেছে। সোমবার বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের মুলতবি অধিবেশনে এক সংসদ সদস্যের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। রংপুর-৪ আসনের সংসদ সদস্য আখতার হোসেন স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানতে চান, জুলাই আন্দোলনের সময় পুলিশ নানা ধরনের হত্যাযজ্ঞে অংশগ্রহণ করেছে, মানুষের ওপর নির্যাতন-নিপীড়ন করেছে। সেই বিষয়গুলোতে বিচারবিভাগীয় তদন্ত, বিচারবিভাগের কার্যক্রমের বাইরে এসে স্বরাষ্ট্র মন্ত্রণালয় তার ডিপার্টমেন্টাল কোনো পদক্ষেপ গ্রহণ করবে কি না এবং এই মুহূর্তে `পুলিশ হত্যা, নামক একটা ফ্রেম ব্যবহার করা হচ্ছে আওয়ামী লীগের তরফ থেকে আগস্টের এই ঘটনাপ্রবাহের ভিত্তিতে। আমরা সেক্ষেত্রে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে স্পষ্টভাবে জানতে চাই- এই যে একটা বিশৃঙ্খলা তৈরি করা হচ্ছে পুলিশ বাহিনীর ভেতরে, সেক্ষেত্রে এটা যে ঘাতক, তারা যে ঘাতক ছিল, তাদের যে এক ধরনের শাস্তির বিধান হয়ে গেছে, সেই বিষয়ে যে অস্পষ্টতা তৈরি হয়েছে, সেই বিশৃঙ্খলাগুলো দূরীকরণে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে কোনো উদ্যোগ আছে কি না আপনার মাধ্যমে জানতে চাই। জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমি ইচ্ছা করলে সদস্যকে একটা আলাদা নোটিশ দেওয়ার জন্য আহ্বান করতে পারতাম, কিন্তু এটা একটা বিশাল রাজনৈতিক প্রশ্ন। যেমন জুলাই যোদ্ধাদের ইনডেমনিটি দেওয়ার বিষয়ে, আইনি এবং সাংবিধানিক সুরক্ষা দেওয়ার বিষয়ে জুলাই জাতীয় সনদে আমরা অঙ্গীকারবদ্ধ হয়েছি। সেখানে এই ইনডেমনিটি প্রদানের অঙ্গীকারের প্রেক্ষিতে, বিগত ইন্টেরিম গভর্নমেন্টের সময় `জুলাই যোদ্ধা সুরক্ষা অধ্যাদেশ, নামে একটা অধ্যাদেশ জারি করা হয়েছে। সেটা ১৩৩টি অধ্যাদেশের মধ্যে এখানে মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছে। তিনি বলেন, যে-সব বিষয়ে আওয়ামী ফ্যাসিবাদী গোষ্ঠী বিভিন্ন ফেসবুকসহ সোশ্যাল মিডিয়ায় দাবি করছে যে, এসব হত্যাকাণ্ডের বিচার করা হবে কি না এবং তারা বিভিন্ন দাবি করছে- আমি সেই বিষয়েও আরেকটা অনুষ্ঠানে বলেছিলাম, তাহলে মুক্তিযোদ্ধাদেরও বিচার করা হবে রাজাকার হত্যার বিরুদ্ধে ১৯৭১ সালে? যদি এখন কেউ মামলা নিয়ে আসে?
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## দেশে জ্বালানি সংকট নেই, মধ্যপ্রাচ্যের বাইরের সোর্সে নজর দিচ্ছে সরকার

মধ্যপ্রাচ্যের যুদ্ধাবস্থা বিশ্বজুড়ে জ্বালানি সরবরাহে বিরূপ প্রভাব ফেলেছে। দেশে দেশে জ্বালানি সংকটের আশঙ্কা দেখা দিয়েছে। তবে এখন পর্যন্ত `বাংলাদেশে কোনো জ্বালানি সংকট নেই, বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। এ সংক্রান্ত উদ্ভূত যে-কোনো পরিস্থিতি সামাল দিতে মধ্যপ্রাচ্যের বাইরের সোর্স থেকে জ্বালানি আমদানির বিষয়ে সরকার নজর দিচ্ছে বলেও জানান তিনি। সোমবার বিকেলে জাতীয় সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে তিনি এ কথা বলেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, মধ্যপ্রাচ্য ছাড়াও যে-সব সোর্স থেকে জ্বালানি আনা যেতে পারে, সে ব্যাপারে আমরা নিরলস কাজ করে যাচ্ছি। ইনশাল্লাহ, আমরা সফল হবো। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## ঈদে শুধু সড়কেই প্রাণ গেল ৩৫১ জনের : যাত্রী কল্যাণ সমিতি

পবিত্র ঈদুল ফিতরে দেশের সড়ক-মহাসড়কে ৩৪৬টি সড়ক দুর্ঘটনায় ৩৫১ জন নিহত হয়েছে বলে জানিয়েছে যাত্রী কল্যাণ সমিতি। সব মিলে সড়ক, রেল ও নৌ পথে সর্বমোট ৩৭৭ দুর্ঘটনায় ৩৯৪ জন নিহত ও ১২৮৮ জন আহত হয়। এসব দুর্ঘটনায় আহত হয়েছে ১০৪৬ জন। একই সময়ে রেলপথে ২৩টি দুর্ঘটনায় ৩৫ জন নিহত ও ২২৩ জন আহত হয়েছে। নৌ-পথে ৮টি দুর্ঘটনায় ৮ জন নিহত ও ১৯ জন আহত এবং ৩ জন নিখোঁজ রয়েছে। সোমবার সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে যাত্রী কল্যাণ সমিতি আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনের মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী এই তথ্য তুলে ধরেন। গণমাধ্যম বিশ্লেষণে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির সমিতির সড়ক দুর্ঘটনা মনিটরিং সেলের প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। একই সময়ে জাতীয় অর্থোপেডিক হাসপাতালে সড়ক দুর্ঘটনায় আহত হয়ে ২১৭৮ জন ভর্তি হয়েছে। চলমান ইরান-ইসরায়েল যুদ্ধে গত ১৫ দিনে হতাহত বিশ্লেষণ করলে বাংলাদেশে সড়ক দুর্ঘটনায় হতাহতের সংখ্যা অনেক বেশি। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## জ্বালানি তেলের অবৈধ মজুতের তথ্য দিলে ১ লাখ টাকা পুরস্কারের ঘোষণা

জ্বালানি তেলের অবৈধ মজুত ও পাচারকারীদের সম্পর্কে স্থানীয় প্রশাসনকে সঠিক তথ্য দিয়ে সহায়তাকারীকে সর্বোচ্চ এক লাখ টাকা পুরস্কার ঘোষণা করেছে সরকার। সোমবার জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এ পুরস্কার ঘোষণা

করেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। পরে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সংবাদ বিজ্ঞপ্তিতে এ বিষয়ে জানিয়েছে, লক্ষ্য করা যাচ্ছে মধ্যপ্রাচ্যে চলমান বিশেষ পরিস্থিতির কারণে বিশ্ব বাজারে জ্বালানি তেলের সরবরাহ ও বাজার ব্যবস্থাপনায় অস্থিরতা দেখা দিয়েছে। বিদেশে জ্বালানি তেলের মূল্য অতিরিক্ত বেড়ে যাওয়ায়, দেশে এক শ্রেণির অসাধু ব্যবসায়ী সাধারণ জনগণের জন্য আমদানি কর জ্বালানি তেল সরকার নির্ধারিত মূল্যে বিক্রি না করে গোপনে মজুত করে অতিরিক্ত মূল্যে বিক্রি করছে বলে খবর পাওয়া যাচ্ছে। মাঠ প্রশাসন এরই মধ্যে এ ধরনের একাধিক অসাধু চক্রকে শাস্তির আওতায় এনেছে। তা সত্ত্বেও এই অসাধু প্রবণতা উদ্‌বেগজনক হারে বেড়ে গেছে। এই পরিস্থিতি বিবেচনায় সরকার উচ্চমূল্যে আমদানি করা জ্বালানি তেলের সুষম ব্যবহার নিশ্চিত করতে চোরাই বা অবৈধ মজুতদারির ব্যাপারে তথ্য প্রদানকারীকে আর্থিক পুরস্কার দেওয়ার বিষয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন সিদ্ধান্ত নিয়েছে। চোরাই বা অবৈধ জ্বালানি তেল মজুতের বিষয়ে তথ্য প্রদানকারীকে সর্বোচ্চ এক লাখ টাকা আর্থিক সম্মানি দেওয়া হবে বলে জানিয়েছে জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## রাজশাহী মেডিকেলে মৃত ২৯ শিশুর কারোরই হাম শনাক্ত হয়নি : শিশু বিভাগের প্রধান

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চলতি বছরে হামের উপসর্গ নিয়ে ৩০ জন শিশু মারা যায়। এদের মধ্যে একজনের পরীক্ষার পর হাম শনাক্ত করা গেছে। বাকিগুলো শনাক্ত হয়নি। সোমবার দুপুরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের শিশু বিভাগের প্রধান অধ্যাপক ডা. সাহিদা ইয়াসমিন এসব কথা বলেন। তিনি বলেন, ”বর্তমানে হাসপাতালে হামের উপসর্গ নিয়ে মোট ২৭০ জন শিশু ভর্তি রয়েছে। এদের মধ্যে ৩৫ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। এ বছর হামের উপসর্গ নিয়ে ৩০ জন শিশু মারা গেছে। এদের মধ্যে পজিটিভ আছে একজন। হাম সন্দেহে মারা গেছে ২৯ জন। এ ২৯ জনের টেস্ট করেও হাম পজিটিভ পাওয়া যায়নি।„ তিনি আরও বলেন, আক্রান্ত শিশুদের মধ্যে প্রায় ৬৫ শতাংশের বয়স ছয় মাসের নিচে, যা চিকিৎসকদের জন্য উদ্‌বেগজনক। এক বছরের ওপরে আক্রান্ত হওয়ার সংখ্যা খুবই কম। এ সময় রামেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল পিকে এম মাসুদ-উল-ইসলাম জানান, ১২০০ শয্যার বিপরীতে প্রতিদিন ২৫০০-৩৫০০ রোগী ভর্তি থাকায় চিকিৎসা ব্যবস্থায় ব্যাপক চাপ তৈরি হয়েছে। সীমিত জনবল ও অবকাঠামোর মধ্যেও চিকিৎসকরা সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## হরমুজ সংকটে তেলের ঘাটতি এশিয়ায়, ঝুঁকিতে ইউরোপ-যুক্তরাষ্ট্রও

বিশ্বজুড়ে জ্বালানি সরবরাহে বড়ো ধরনের সংকটের আশঙ্কা তৈরি হয়েছে। আন্তর্জাতিক বিনিয়োগ ব্যাংক জেপিমরগ্যান জানিয়েছে, মধ্যপ্রাচ্যের সংঘাতের কারণে গুরুত্বপূর্ণ জলপথ কার্যত বন্ধ হয়ে পড়ায় তেলের মজুত দ্রুত কমে যাচ্ছে। ব্যাংকটির প্রতিবেদনে বলা হয়, এই সংকট ধাপে ধাপে বিশ্বে ছড়িয়ে পড়ছে এবং প্রথম ধাক্কা এরই মধ্যে এশিয়ায় অনুভূত হচ্ছে। সাধারণত পারস্য উপসাগর থেকে তেলের চালান প্রথমে এশিয়ায় পৌঁছায় ১০ থেকে ২০ দিনের মধ্যে। এরপর তা ইউরোপ ও আফ্রিকায় পৌঁছাতে সময় লাগে ২০ থেকে ৩৫ দিন এবং সর্বশেষে যুক্তরাষ্ট্রে পৌঁছায় ৩৫ থেকে ৪৫ দিনে। প্রথমে দক্ষিণ-পূর্ব এশিয়ায় পরিস্থিতি দ্রুত অবনতির দিকে যাচ্ছে। জেপি মরগানের তথ্যানুযায়ী, এ অঞ্চলে তেল রপ্তানি মাসিক হিসাবে প্রায় ৪১ শতাংশ কমে গেছে। ফলে মূল্যবৃদ্ধির চেয়েও বড়ো সমস্যা হয়ে দাঁড়িয়েছে সরাসরি জ্বালানির ঘাটতি। বিশ্লেষকদের মতে, পরিস্থিতি দ্রুত স্বাভাবিক না হলে এই জ্বালানি সংকট বৈশ্বিক অর্থনীতিতে দীর্ঘমেয়াদি প্রভাব ফেলতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## হামের বিশেষ টিকাদান ক্যাম্পেইন শুরু হচ্ছে জুনে : স্বাস্থ্যমন্ত্রী

বাংলাদেশে হামের প্রাদুর্ভাব মোকাবিলায় সরকার জরুরি পদক্ষেপ নিয়েছে এবং দ্রুত সময়ের মধ্যে টিকা সরবরাহ নিশ্চিত করে জুন মাস থেকে বিশেষ টিকাদান ক্যাম্পেইন শুরু করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। সোমবার (৩০ মার্চ) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনের নেতৃত্বে একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, নতুন সরকারের দায়িত্ব নেওয়ার পর যুক্তরাষ্ট্রের সঙ্গে এটি ছিল প্রথম আনুষ্ঠানিক বৈঠক। উভয়পক্ষ পাঁচ বছর মেয়াদি একটি যৌথ স্বাস্থ্য সহযোগিতা পরিকল্পনা নিয়ে কাজ শুরু করেছে। এতে সংক্রামক রোগ মোকাবিলা, ভবিষ্যৎ মহামারি প্রস্তুতি এবং সারভেইল্যান্স সিস্টেম শক্তিশালী করার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## সংসদের দক্ষিণ প্লাজায় অধ্যাপক দিলারা হাফিজের জানাজা সম্পন্ন

জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদের স্ত্রী অধ্যাপক দিলারা হাফিজের জানাজা সম্পন্ন হয়েছে। জানাজায় প্রধানমন্ত্রী তারেক রহমান, পরিবারের সদস্য, আত্মীয়-স্বজন, রাজনৈতিক ও সামাজিক অঙ্গনের বিভিন্ন ব্যক্তিরা অংশ নেন। সোমবার দুপুর ১২টায় জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় জানাজা সম্পন্ন হয়। দিলারা হাফিজ

গত শনিবার বেলা ১১টা ২৯ মিনিটে সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেন। গতকাল রোববার সন্ধ্যা ৬টায় বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে তার মরদেহ দেশে আনা হয়। তার বয়স হয়েছিল ৭৮ বছর। তিনি স্বামী, দুই ছেলে, এক মেয়ে ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## মৃত, শিক্ষাক্রমের সেকেলে পাঠ্যবই, পরিমার্জনেও অনীহা

দেশের শিক্ষাব্যবস্থা চলছে ২০১০ সালে প্রণীত জাতীয় শিক্ষাক্রমে, যা `সৃজনশীল পদ্ধতি, নামে পরিচিত। পাঠ্যবই, ক্লাস, পরীক্ষা, মূল্যায়ন- সবই চলছে ১৬ বছর আগের তৈরি নিয়মে। অথচ ২০২০ সালেই সৃজনশীল শিক্ষাক্রমকে `অকার্যকর, ও `বাস্তবায়নের অযোগ্য, ঘোষণা করা হয়েছিল। `মৃত, ঘোষণার ছয় বছর পরও একই শিক্ষাক্রমে পড়ালেখা করছে দেশের `আলফা, প্রজন্মের প্রায় পাঁচ কোটি শিক্ষার্থী। অথচ দেড় দশকে বদলে গেছে বিশ্ব। আধুনিকায়ন ও প্রযুক্তির ছোঁয়া লেগেছে সবক্ষেত্রে। সেই বিবেচনায় বহু পিছিয়ে বাংলাদেশের শিক্ষাব্যবস্থা। বিএনপি সরকার ক্ষমতায় আসার পর নতুন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন শিক্ষাক্রম পরিবর্তনের ঘোষণা দিয়েছেন। অবশ্য কাজটি সময়সাপেক্ষ হওয়ায় বর্তমান শিক্ষাক্রম মেনেই শতভাগ পাঠ্যবই পরিমার্জনে নির্দেশনা দেন তিনি। নানান অজুহাতে এ নির্দেশনা এড়িয়ে যাওয়ার চেষ্টা করছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এনসিটিবি। বোর্ডের দায়িত্বে থাকা আওয়ামী লীগপন্থি বলে পরিচিত কর্মকর্তারা শতভাগ পাঠ্যবই পরিমার্জনে অনীহা দেখাচ্ছেন। তারা বানান, বাক্য গঠন ও ছাপার ভুলগুলো সংশোধন করেই দায় সারতে ব্যস্ত হয়ে পড়েছেন। এতে ২০২৭ শিক্ষাবর্ষেও শিক্ষার্থীরা পুরোনো ধাঁচের বা `সেকেলে, পাঠ্যবই পাবে বলে মনে করছেন শিক্ষা-সংশ্লিষ্টরা।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## গ্যাস সংকটে চালু করা যাচ্ছে না বন্ধ হওয়া ৫ সার কারখানা

ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের চলমান যুদ্ধের কারণে বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি রুট হরমুজ প্রণালি কার্যত বন্ধ হয়ে পড়ায় আন্তর্জাতিক জ্বালানি সরবরাহে অনিশ্চয়তা তৈরি হয়েছে। চলমান এই পরিস্থিতির প্রভাব বাংলাদেশেও পড়েছে। এরই মধ্যে গ্যাস সংকটের কারণে দেশে ছয়টি ইউরিয়া সার কারখানার মধ্যে পাঁচটিরই উৎপাদন কার্যক্রম বন্ধ করা হয়েছে। প্রায় এক মাস পার হতে চললেও, বন্ধ থাকা এসব সার কারখানা গ্যাসের অভাবে চালু করা যাচ্ছে না। সোমবার বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশনের ঊর্ধ্বতন এক কর্মকর্তা বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা জাগো নিউজকে বলেন, গ্যাস সংকটের কারণে সার কারখানাগুলো বন্ধ রাখা হয়েছে। গ্যাস পেলে ক্রমান্বয়ে এগুলো চালু করা হবে। কারখানাগুলোর মধ্যে এখন শুধু শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড চালু আছে, বাকিগুলো বন্ধ। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## জ্বালানি তেল বিক্রির ক্ষেত্রে ফুয়েল পাস চালুর চিন্তা সরকারের

পেট্রোল ও অকটেন বিক্রির ক্ষেত্রে ফুয়েল পাস চালুর চিন্তা করছে সরকার। সোমবার সচিবালয়ে সার্বিক জ্বালানি পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব মনির হোসেন চৌধুরী এ কথা জানান। প্রাথমিকভাবে পেট্রোল এবং অকটেনের ক্ষেত্রে এ পাস চালু হবে। এজন্য একটি অ্যাপ তৈরি করা হচ্ছে। এরই মধ্যে কিছু কিছু জেলায় জেলা প্রশাসনের তত্ত্বাবধানে ফুয়েল পাস চালু হচ্ছে বলেও জানিয়েছেন যুগ্ম-সচিব। তিনি বলেন, আমাদের একটা তো হচ্ছে বৈশ্বিক সংকট, কিন্তু আমাদের যে লোকাল রিসোর্স আছে, এটা আমরা সর্বোচ্চ কীভাবে... আমদানিও করলাম, কিন্তু লোকাল কিছু তো প্রবলেম আছে আমাদের, সেগুলো কীভাবে আমরা অ্যাড্রেস করবো? মানুষকে কীভাবে আমরা তার মনস্তাত্ত্বিক জগতে পরিবর্তন আনবো? এটা তো আসলে ওভারনাইট করা যাবে না। যুগ্ম-সচিব বলেন, আমরা একটা ফুয়েল পাস করার চিন্তা-ভাবনা করছি। অনেক জেলায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা জেলা প্রশাসকরা এরই মধ্যে তাদের নিজস্ব অধিক্ষেত্রে কিছু কিছু করেছেন। যেমন আজকে সকালের মিটিংয়ে আমি দেখেছি ঠাকুরগাঁও জেলা প্রশাসক বিশেষ করে মোটরসাইকেলের জন্য একটা পাস ইস্যু করছেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## তেল নিতে পাম্পগুলোতে লম্বা সারি, অপেক্ষা ঘণ্টার পর ঘণ্টা

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে বিশ্বের অনেক দেশের মতো বাংলাদেশেও জ্বালানি সরবরাহ নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। রাজধানীর পাম্পগুলো বেশ কয়েকদিন ধরে চাহিদা অনুযায়ী তেল দিতে পারছে না। এমন অবস্থায় ডিপো থেকে যতটুকু জ্বালানি আসছে, তা নিতে মোটরসাইকেলসহ অন্যান্য গাড়ির চালকরা আগেভাগেই ভিড় করছেন পাম্পে। ছুটি বা কর্মদিবস- কোনো দিনই সেখানে ফাঁকা থাকছে না। সোমবারও রাজধানীর তেল পাম্পগুলোর সামনে চালকদের বিশাল সারিতে অপেক্ষা ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে দেখা গেছে। আসাদ গেটের তালুকদার ফিলিং স্টেশন ও সোনার বাংলা ফিলিং স্টেশন, পরিবাগের পূর্বাচল ফিলিং স্টেশন ও মেঘনা ফিলিং স্টেশন এবং তেজগাঁওয়ের ট্রাস্ট ফিলিং স্টেশন ঘুরে এমন চিত্র পাওয়া গেছে। ট্রাস্ট ফিলিং স্টেশনের সামনে মহাখালীমুখী এবং মেঘনা ফিলিং স্টেশন এলাকায়

শাহবাগ মোড়মুখী সড়কে যানবাহনের দীর্ঘ সারি দেখা যায়। পূর্বাচল ফিলিং স্টেশনে আড়াইটার দিকে দেখা যায়, তেল বিতরণ কার্যক্রম বন্ধ। এসময় ডিপো থেকে আসা তেল খালাসের কার্যক্রম চলছিল। ডিপোর গাড়ি আসার সঙ্গে সঙ্গে পাম্পের সামনে শতাধিক মোটরসাইকেল জড়ো হয়ে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## রাশিয়া থেকে ৬ লাখ টন তেল কিনতে যুক্তরাষ্ট্রকে বাংলাদেশের চিঠি

রাশিয়া থেকে ছয় লাখ টন জ্বালানি তেল কিনতে নিষেধাজ্ঞা শিথিলের অনুরোধ জানিয়ে যুক্তরাষ্ট্রকে চিঠি দিয়েছে বাংলাদেশ। সোমবার সচিবালয়ে সার্বিক জ্বালানি পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব মনির হোসেন চৌধুরী এ তথ্য জানান। বৈশ্বিক সংকটের শুরু হওয়ার পর জ্বালানি তেল সংগ্রহের কূটনৈতিক তৎপরতার বিষয়ে তিনি বলেন, আপনারা জানেন, রাশিয়া থেকে তেল আমদানির জন্য ইন্ডিয়াকে একটা স্যাংশন ওয়েভার দিয়েছিল যুক্তরাষ্ট্র। ঈদের আগের দিন আমেরিকার স্টেট ডিপার্টমেন্টের সঙ্গে সরকারের মিটিংয়ে আমিও ছিলাম। মিটিংয়ে ওনাদের বোঝাতে চেষ্টা করেছি যে, রাশিয়া থেকে যেন আমাদের অন্তত দুই মাসের অথবা ছয় লাখ মেট্রিক টন ডিজেল আনার অনুমতি দেয়, স্যাংশন ওয়েভার দেয়। মনির হোসেন চৌধুরী বলেন, সেটা যুক্তরাষ্ট্র বলেছে চিঠি দিতে, আমরা সেই চিঠিটা দিয়েছি। ঈদের পরদিন খুব সম্ভবত। এখন আমরা উত্তরের অপেক্ষায় আছি। এটুকুই হচ্ছে এই ব্যাপারে অগ্রগতি। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## সাড়ে ৩ লাখ ব্যক্তির তথ্য যাচাই শেষ, রোহিঙ্গা প্রত্যাবাসনে বাধা মিয়ানমারের সংঘাত

মিয়ানমারের রাখাইন রাজ্যে চলমান অভ্যন্তরীণ অস্থিরতা ও সশস্ত্র সংঘাতের কারণে রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া শুরু করা যাচ্ছে না বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। সোমবার জাতীয় সংসদে ড. খলিলুরের পক্ষে প্রশ্নোত্তর পর্বে অংশ নেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। চট্টগ্রাম-১৫ আসনের সংসদ সদস্য শাহজাহান চৌধুরীর লিখিত প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রীর পক্ষে তিনি এসব তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, সরকারের পক্ষ থেকে আন্তর্জাতিক পর্যায়ে কূটনৈতিক তৎপরতা এবং আইনি লড়াই জোরদার করা হয়েছে। এখন পর্যন্ত ৮ লাখ ২৯ হাজারের বেশি রোহিঙ্গার তথ্য যাচাইয়ের জন্য পাঠানো হলেও, মিয়ানমার কর্তৃপক্ষ ৩ লাখ ৫৪ হাজার ৭৫১ জনের তথ্য যাচাই সম্পন্ন করেছে। তিনি বলেন, ১৯৭৮ সালে যখন মিয়ানমার থেকে প্রায় ২ লাখ রোহিঙ্গার বাংলাদেশে আগমন ঘটে, তখন শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের দূরদর্শী নেতৃত্বে দ্বিপক্ষীয় চুক্তির আওতায় তাদের সবাইকে সফলভাবে প্রত্যাবাসন করা সম্ভব হয়। এরপর ১৯৯২ সালে তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সফল নেতৃত্বে আরও প্রায় ২ লাখ ৩৬ হাজার রোহিঙ্গার প্রত্যাবাসন সম্পন্ন হয়েছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## মন্ত্রীকে নিয়ে কটূক্তি, এমপি আমির হামজার বিরুদ্ধে মামলা

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুকে `আপাদমস্তক নাস্তিক ও ইসলামবিদ্বেষী, বলে মন্তব্য করায় কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য ও ইসলামি বক্তা মুফতি আমির হামজার বিরুদ্ধে শতকোটি টাকার মানহানির মামলা করা হয়েছে। সোমবার দুপুরে সিরাজগঞ্জ সদর আমলি আদালতে অ্যাডভোকেট এসএম নাজমুল ইসলাম বাদী হয়ে মামলাটি করেন। আদালতের বিচারক সুমন কুমার কর্মকার মামলাটি আমলে নিয়ে আদেশের অপেক্ষায় রেখেছেন। জেলা চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের অতিরিক্ত পিপি হুমায়ূন কবীর এ তথ্য নিশ্চিত করেন। তিনি জাগো নিউজকে বলেন, ইসলামি বক্তা আমির হামজার ওই মন্তব্য জাতীয়তাবাদী চেতনায় বিশ্বাসী মানুষের আবেগ ও মর্যাদাকে আঘাত করেছে। এতে প্রায় শতকোটি টাকার মানহানি হয়েছে। তাই অ্যাডভোকেট এসএম নাজমুল ইসলাম আইনি প্রতিকার চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৩.২০২৬ আসাদ)

## অভ্যুত্থানকারীদের ওপর যে বাহিনীর পোশাকেই হামলা হোক, সবাই অপরাধী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ”জুলাই অভ্যুত্থানকারী ও সাধারণ জনগণের বিরুদ্ধে যারা সশস্ত্র হামলা চালিয়েছেন, সেটা যে বাহিনীর পোশাকেই হোক এবং আওয়ামী সন্ত্রাসী গোষ্ঠী, যুবলীগ, ছাত্রলীগ, যারা যে বাহিনীর পোশাকই পরুক, তারা সবাই অপরাধী। তাদের বিরুদ্ধে মামলা হয়েছে, না হলে আপনারা করবেন এবং সব মামলার সুষ্ঠু তদন্ত হবে। বিচার করার দায়িত্ব বিচার বিভাগের।„ সোমবার জাতীয় সংসদে বিএনপির সংসদ সদস্য জয়নুল আবেদিন ফারুকের এক সম্পূরক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। আরেক প্রশ্নের জবাবে তিনি জুলাই যোদ্ধাদের সুরক্ষার বিষয়টি তুলে ধরেন। ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে অধিবেশনের শুরুতে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সংসদ সদস্য আখতার হোসেন এক সম্পূরক প্রশ্নে বলেন, গত ১৬ বছর ধরে পুলিশ বাহিনীর ভেতর থেকে অর্থাৎ আইন অমান্য করে পুলিশ যা কিছু করেছে, বিশেষত জুলাইয়ে পুলিশের অনেকে খুবই স্বপ্রণোদিত হয়ে নানা হত্যাযজ্ঞে অংশগ্রহণ করেছেন, মানুষের ওপর নির্যাতন-নিপীড়ন করেছেন। সেই বিষয়গুলোতে বিচার বিভাগীয় তদন্ত বা কার্যক্রমের বাইরে এসে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিভাগীয় কোনো পদক্ষেপ গ্রহণ করবে কি না? এবং এই মুহূর্তে আওয়ামী লীগের তরফ থেকে `পুলিশ হত্যা, নামের একটি অপশন

ব্যবহার করে যে বিশৃঙ্খলা তৈরি করা হচ্ছে, সে বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে কোনো উদ্যোগ আছে কি না? জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ”জুলাই যোদ্ধাদের আইনি এবং সাংবিধানিক সুরক্ষা দেওয়ার বিষয়ে আমরা জুলাই জাতীয় সনদে অঙ্গীকারবদ্ধ হয়েছি। বিগত অন্তর্বর্তী সরকারের সময় জুলাই যোদ্ধা সুরক্ষা অধ্যাদেশ নামের একটি অধ্যাদেশ জারি করা হয়েছে, যা মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছে। আমরা সর্বসম্মতিক্রমে এই অধ্যাদেশটি সংসদে বিল আকারে পাস করার বিষয়ে একমত হয়েছি।„

(জাগো নিউজ ওয়েবপেজ: ৩০.০৩.২০২৬ আসাদ)

## সারাদেশে অভিযানে ২ লাখ ৮ হাজার লিটার জ্বালানি তেল উদ্ধার

সম্প্রতি সারাদেশে অভিযান পরিচালনা করে ২ লাখ ৮ হাজার লিটার জ্বালানি তেল উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। তিনি বলেছেন, মজুত প্রবণতা থাকায় সংকট কৃত্রিমভাবে তৈরি হয়েছে। সরকার সচেতনতা তৈরি করছে। দেশব্যাপী ৩ হাজার ১৬৮টি অভিযান পরিচালনা করে ১৫৩টি মামলাসহ ৭৫ লাখ টাকার অর্থদণ্ড দেওয়া হয়েছে। তেল মজুত করায় ১৬ জনকে কারাদণ্ড দেওয়া হয়েছে। অভিযান পরিচালনার মাধ্যমে ১ লাখ ৪০ হাজার লিটার ডিজেল, ২২ হাজার লিটার অকটেন ও ২৩ হাজার লিটার পেট্রোলসহ মোট ২ লাখ ৮ হাজার লিটার জ্বালানি তেল উদ্ধার করা হয়েছে। সোমবার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের মুলতবি অধিবেশনে একজন সংসদ সদস্যের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য তুলে ধরেন। জ্বালানি মন্ত্রী বলেন, জ্বালানি তেলের ক্ষেত্রে মার্চ-জুন প্রান্তিকে মোট ভর্তুকির প্রয়োজন হবে- ডিজেলের ক্ষেত্রে ১৫ হাজার ৪০৯ কোটি টাকা ও অকটেনের ক্ষেত্রে ৬৩৬ কোটি টাকা। মোট ভর্তুকি হবে ১৬ হাজার ৪৫ কোটি টাকা। এছাড়া পেট্রোবাংলার মাধ্যমে এলএনজি আমদানি এপ্রিল-জুন প্রান্তিকে ১৫ হাজার ৭৭ কোটি টাকা ভর্তুকির প্রয়োজন হবে।

(জাগো নিউজ ওয়েবপেজ: ৩০.০৩.২০২৬ আসাদ)

## কুমিল্লায় হামে আক্রান্ত হয়ে তিন শিশুর মৃত্যু

হামে আক্রান্ত হয়ে কুমিল্লার তিন শিশু ঢাকায় মারা গেছে বলে জানিয়েছে জেলা সিভিল সার্জন অফিস। এছাড়া, কুমিল্লা ও ঢাকার বিভিন্ন হাসপাতালে আরও অন্তত ২১ জন শিশু চিকিৎসাধীন রয়েছে। সোমবার সন্ধ্যায় কুমিল্লার সিভিল সার্জন ডা. আলী নূর মোহাম্মদ বশির বিষয়টি নিশ্চিত করেছেন। খোঁজ নিয়ে জানা যায়, মারা যাওয়া শিশুদের মধ্যে একজন কুমিল্লা সিটি করপোরেশন এলাকার এবং দুইজনের বাসা তিতাস উপজেলায়। সিভিল সার্জন ডা. আলী নূর মোহাম্মদ বশির বলেন, হামে আক্রান্ত হয়ে ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় কুমিল্লার তিন শিশুর মৃত্যু হয়েছে। তবে তাদের বিষয়ে এখনো বিস্তারিত তথ্য পাওয়া যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ আসাদ)

## চট্টগ্রামে ৭৫ শিশুর নমুনা পরীক্ষায় ৮ জনের হাম শনাক্ত

চট্টগ্রামে হামের উপসর্গ দেখা দেওয়ায়, বিভিন্ন হাসপাতাল থেকে ৭৫ জন শিশুর নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। এর মধ্যে ৮ শিশুর শরীরে হাম শনাক্ত হয়েছে। সিভিল সার্জন কার্যালয় জানিয়েছে, গত এক সপ্তাহে চট্টগ্রাম সিটি করপোরেশন এলাকা থেকে ৩৫টি এবং জেলার বিভিন্ন উপজেলা থেকে ৪০টি নমুনা সংগ্রহ করা হয়। এর মধ্যে নগরে ছয়জন এবং জেলায় দু-জন শিশুর শরীরে হাম শনাক্ত হয়েছে। পাশাপাশি, নগরের একজন শিশুর শরীরে রুবেলাও পাওয়া গেছে। স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে, বর্তমানে জেলার তিনটি হাসপাতালে হামের লক্ষণ নিয়ে ২৮ জন শিশু ভর্তি রয়েছে। এছাড়া, নমুনা সংগ্রহ করা বাকি ১২ শিশুকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়িতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৩.২০২৬ আসাদ)

# BBC

## MYANMAR JUNTA CHIEF MIN AUNG HLAING NOMINATED AS PRESIDENT

Myanmar's military chief Min Aung Hlaing has been nominated for the presidency as parliament convened on Monday, following a general election from which the biggest opposition parties were excluded. Min Aung Hlaing is certain to be chosen, as he was nominated in parliament alongside two loyalists who are very unlikely contenders for president. He has been sanctioned by many Western countries for leading a military coup five years ago. In the ensuing civil war, thousands of people have been killed and millions have been displaced. Large areas of the country remain under the control of armed opposition groups. The general elections, held between December and January, were touted by the junta as a pathway to peace. (BBC Web page : 30.03.2026 Ali Ahmed)

## EDUCATED & EMPLOYED BUT STILL STRUGGLING: INDIA'S MIDDLE CLASS UNDER STRAIN

In a darkened control room in Navi Mumbai, 100 operators oversee bots monitoring 30,000 ATMs across India. Their cameras, sensors and bots do the work that 60,000 security guards once did. That control room is a small window into something much larger. Across

India, the quiet machinery of automation has been reshaping - and in many cases, eliminating - the jobs that the middle class was built on. And the middle class is only now beginning to reckon with what that means. As stable incomes come under pressure, many are turning to riskier ways of making money to bridge the gap. Consider VS, a 27-year-old BTech graduate from a small town near Bhilwara city in western Rajasthan state. He earns 14,000 rupees ($151; £113) a month as a freelance salesperson.
(BBC Web page : 30.03.2026 Ali Ahmed)

**SPAIN CLOSES AIRSPACE TO US AIRCRAFT INVOLVED IN IRAN WAR**

Spain has closed its airspace to US planes involved in attacks on Iran, Madrid's Defence Minister Margarita Robles has said. "We will not authorise the use of Morón and Rota [military bases] for any acts related to the war in Iran," she said, adding that Spain had "made this clear to the American government from the beginning". Foreign Affairs Minister José Manuel Albares stated that the aim of the decision was to "not do anything that could encourage an escalation in this war". A White House official told the BBC that the US military was "meeting or surpassing all of its goals under Operation Epic Fury and does not need help from Spain or anyone else". US President Donald Trump has previously threatened to impose a full trade embargo on Spain over its opposition to the Iran war. Since the start of the war in late February, Spanish Prime Minister Pedro Sánchez has been one of the most vocal opponents of the US and Israeli attacks on Iran, describing them as "reckless" and "illegal".(BBC Web page : 30.03.2026 Ali Ahmed)

**OIL RISES AND ASIA SHARES SLIDE AS IRAN WAR ENTERS FIFTH WEEK**

Global oil prices jumped and stocks fell sharply on Monday in Asia after the US-Israel war with Iran entered its fifth week. The price of Brent crude rose overnight by more than 3% to above $115 (£86.77) a barrel. It later eased slightly to around $113 but is still on track for its biggest monthly gain on record. Japan's Nikkei 225 lost 2.8%, and the Kospi in South Korea closed almost 3% lower. It comes after Iran-backed Houthi rebels in Yemen joined the conflict by striking Israel over the weekend and Iran threatened to expand retaliatory strikes against universities and the homes of US and Israeli officials. US President Donald Trump said in an interview with the Financial Times on Sunday that he could "take the oil in Iran" and possibly seize its major fuel hub of Kharg Island.
(BBC Web page : 30.03.2026 Ali Ahmed)

**LATIN PATRIARCH WILL HAVE ACCESS TO JERUSALEM HOLY SITE AFTER POLICE STOPPED ENTRY**

Israel's prime minister has said the Latin Patriarch of Jerusalem will now have "full and immediate access" to the Church of the Holy Sepulchre, after police earlier prevented him from celebrating Palm Sunday Mass there. Benjamin Netanyahu said Cardinal Pierbattista Pizzaballa, the head of the Catholic Church in the Holy Land, had been asked not to enter out of concern for his safety as Iran had repeatedly targeted Jerusalem's holy sites with missiles. The decision to block the cardinal from entering Christianity's most sacred site had been criticised by several Western nations. Israel's police later said it had agreed a "mutual framework" with the Latin Patriarch for Easter celebrations.
(BBC Web page : 30.03.2026 Ali Ahmed)

**HOW THE US COULD TRY TO SEIZE IRAN'S KHARG ISLAND**

US President Donald Trump has indicated that he may send troops to seize control of Iran's key oil export terminal at Kharg Island in the northern Gulf. So what's behind this, how would it work and what are the risks? Kharg Island has long been Iran's chief outlet for its oil exports. The island sits offshore with waters deep enough to load product onto tankers known as Very Large Crude Carriers (VLCCs), which can hold around two million barrels. Around 90% of Iran's oil exports pass through Kharg. During the Iran-Iraq war in the 1980s it was frequently bombed by the Iraqi Air Force and on 13 March this year the US struck what it said were 90 military targets on the island. It however spared the oil infrastructure. If the US does decide to invade Kharg Island then it would most likely be a temporary measure intended to put pressure on Iran by cutting off its fuel exports until it relinquished its chokehold on the Strait of Hormuz - one of the world's busiest oil shipping lanes - and conceded to Washington's demands. (BBC Web page : 30.03.2026 Ali Ahmed)

**:: THE END ::**